The Daily Star
THURSDAY, 23 APRIL 2026

# Cut corporate tax for non-listed firms

## Says Dhaka chamber in budget proposals to NBR

**STAR BUSINESS REPORT**

The Dhaka Chamber of Commerce & Industry (DCCI) yesterday proposed reducing the corporate tax rate for non-listed companies to 25 percent from the current 27.5 percent in the upcoming budget for the 2026-27 fiscal year.

The proposal was part of a 54-point fiscal package the chamber submitted to the National Board of Revenue (NBR) yesterday, according to a press release.

Among the headline measures, DCCI urged raising the individual tax-free income ceiling to Tk 500,000, reducing advance tax on commercial imports from 7.5 percent to 5 percent, and removing the upper limit on VAT refunds.

It also proposed cutting the source tax on interest income from company security deposits from 20 percent to 10 percent and gradually abolishing the surcharge on companies' net assets.




Convener of DCCI's Customs, VAT, Taxation and NBR-Related Issues Standing Committee, MBM Lutful Hadee, said the proposals were aimed at expanding the tax net, reducing the cost of doing business, and stimulating investment in the manufacturing sector.

DCCI Acting Secretary General AKM Asaduzzaman Patwary proposed a central API integration system to close revenue gaps and reduce the deficit.

Responding to the proposals, NBR Chairman Md Abdur Rahman Khan said the board would prioritise easing non-tariff barriers over cutting tariff rates outright.

He said there would be no leniency towards tax evaders, while pledging to ease compliance burdens for honest taxpayers.

Khan added that fewer than 8 lakh businesses were currently VAT-registered, a figure he described as inadequate, noting the number should exceed 10 lakh given the country's economic scale.

He said that corporate tax had already been reduced from 50 percent to 27.5 percent over time, leaving limited room for further cuts.

The NBR chairman added that online corporate tax return filing and digital refund systems would be operational from the coming fiscal year.

The Financial Express
THURSDAY, 23 APRIL 2026

# NBR chief rules out tax cuts, stresses widening tax net

FE REPORT

Chairman of the National Board of Revenue (NBR) Md Abdur Rahman Khan on Wednesday ruled out tax cuts for now, saying the government's priority is to boost revenue collection by widening the tax net.

"Reducing corporate tax and tax deducted at source (TDS) rates is not possible at this stage. Instead, we are working to strengthen the refund management system," he said at a pre-budget meeting with four chambers at the NBR headquarters in the capital.

The meeting was attended by the Dhaka Chamber of Commerce and Industry (DCCI), Bangladesh Chamber of Industries (BCI), Gazipur Metropolitan Chamber of Commerce and Industry, and Sylhet Chamber of Commerce and Industry.

Mr Khan said the revenue authority is considering withdrawing deemed export facilities for local companies providing services under international tenders.

NBR officials said the facility had been introduced to create a level playing field for local firms competing with foreign companies, which are not required to pay VAT. Without it, local firms would have to bear VAT on such supplies.

He also said instructions had been given to ensure tax compliance by building owners at the design approval stage.

The NBR chairman advised businesses to pay 15 per cent VAT and claim input tax credits, noting that the effective burden would be around 3.0 per cent depending on value addition.

He added that truncated VAT rates remain a major concern for many businesses.

Former FBCCI president Mir Nasir Hossain said contractors, particularly in construction and government projects, have limited scope to claim VAT refunds due to low value addition.

"I am not receiving the benefits of being a listed company, as TDS realised exceeds 15 per cent of our profit margin," he said, adding that the provision for carrying forward advance TDS has little practical use.

Shovon Islam of the Gazipur chamber said export-oriented industries are facing mounting challenges and sought policy support for green energy adoption and local production of related equipment.

He also pointed out that the ASYCUDA system is not properly synchronised with Bangladesh Bank, creating difficulties for exporters operating under tight timelines.

"There should be a manual fallback process if technical issues arise," he added.

In response, Mr Khan directed officials to resolve the issue urgently, saying no one has the right to create hurdles for exporters.

BCI president Anwar-Ul-Alam called for reducing TDS on exports to 0.5 per cent from 1.0 per cent, citing global market pressures.

He also urged policymakers to exercise caution in public remarks on fuel and energy issues, warning that such statements create uncertainty among foreign buyers and may discourage orders.

Mr Parvez further called for withdrawal of the 1.0 per cent turnover-based minimum tax, describing it as a burden on small and medium enterprises (SMEs).

He also sought clarification of relevant tax provisions to reduce harassment and proposed a fixed tax regime for small businesses.

The DCCI proposed several measures for the FY2026-27 budget, including cutting corporate tax for non-listed companies to 25 per cent from 27.5 per cent and raising the tax-free income threshold for individuals to Tk 0.5 million.

It also suggested reducing advance tax on commercial imports to 5.0 per cent from 7.5 per cent and fully automating the customs refund system to improve the tax-to-GDP ratio.

Presenting the proposals, MBM Lutful Hadi, convener of the DCCI's Customs and VAT Standing Committee, said the chamber prioritised expanding the tax net, improving revenue capacity, easing the cost of doing business and supporting investment and employment.

In a separate meeting later in the day, representatives from 12 organisations, including the Bangladesh Book Publishers and Sellers Association, Bangladesh Paper Merchants Association, Bangladesh Paper Mills Association, Bangladesh Printing Industries Association, Bangladesh LPG Autogas Station and Conversion Workshop Owners Association, and Bangladesh Furniture Exporters Association, called for tax reductions on imported inputs used in their industries.

*newsmanjasi@gmail.com*

TRUE & IMPARTIAL
daily sun
THURSDAY, 23 APRIL 2026

## PRE-BUDGET TALKS FY27

# DCCI proposes Tk5 lakh tax-free threshold

**Daily Sun Report,** *Dhaka*

**The** Dhaka Chamber of Commerce & Industry (DCCI) has proposed raising the tax-free income threshold for individual taxpayers to Tk5 lakh, alongside introducing an e-corporate tax return system and a national mobile app for VAT collection.

The business body also recommended gradually phasing out surcharge, reducing tax deducted at source (TDS) on interest from deposits, lowering the corporate tax rate for non-listed companies from 27.5% to 25%, and restoring the TDS rate on listed securities to 5%.

The proposals were presented on Wednesday at the National Board of Revenue (NBR) headquarters in Agargaon during a pre-budget discussion for the 2026-27 fiscal year.

DCCI Acting Secretary General Dr AKM Asaduzzaman Patowary presented the recommendations on behalf of the organisation.

DCCI said the tax-free income threshold should be set at Tk5 lakh, while surcharge should be gradually withdrawn and source tax on deposit interest reduced to ease the burden on taxpayers.

The chamber also emphasised the need for a fully integrated e-corporate tax return system, enabling businesses to submit returns online in a simple, transparent and secure manner.

The system would eliminate additional paperwork and allow processes such as appeals and tax refunds to be completed automatically through BEFTN directly into bank accounts, saving time and costs.

According to DCCI, automation and regular verification would reduce errors, improve compliance and help boost revenue collection.

In its proposal, the organisation suggested cutting the regular corporate tax rate for non-listed companies to 25%, particularly for firms that conduct transactions through banking channels and comply with relevant regulations.

It also recommended relaxing certain expenditure conditions while maintaining income compliance, with all revenues received through bank transfers or digital payment systems.

On TDS, DCCI proposed restoring the rate on interest from securities approved by the Bangladesh Securities and Exchange Commission (BSEC) to 5% under Section 106 of the Income Tax Act. It also suggested that such income could be exempted from TDS.

The chamber further recommended that if TDS exceeds a taxpayer's final liability, the excess amount should either be carried forward to the next tax year or refunded within a maximum of 90 days, although both options should not apply to the same amount.

DCCI said that reducing the tax burden and simplifying compliance could encourage more companies to enter the capital market.

With around 350 companies currently listed, it noted that such measures could motivate many non-listed firms to seek listing, thereby deepening the stock market.

the daily observer
We stand for people's rights
THURSDAY, 23 APRIL 2026

# Buyers shift orders amid energy crisis fears: BCI president

**Business Desk**

"Bangladeshi garment exporters say some foreign buyers are shifting orders to India and other countries over fears of an energy crisis linked to the Middle East war.

Speaking on Wednesday at a pre-budget discussion for FY2026-27 organised by the National Board of Revenue (NBR) in Dhaka's Agargaon, Bangladesh Chamber of Industries President Anwar-Ul-Alam Chowdhury said buyers had warned that Bangladesh could face severe electricity shortages within two to three months."

"We are hearing things like: 'In another two or three months, your country won't have electricity,'" he said.

"They are also telling us that their top management is discouraging them from placing too many orders with us now. Those orders are already starting to move to India."

The impact is already being felt, with expected export orders for July and August slowing sharply, according to Parvez, according to bdnews24.com.

"Several large buying houses have started sending us these messages," he said.

"We are now seeing that orders for July and August have stalled. The orders that were supposed to come are arriving very slowly. Securing work orders is becoming increasingly difficult."

Citing the situation, he proposed cutting the tax deducted at source on export earnings from 1 percent to 0.5 percent.

He warned that the sector could weaken further in the coming months and said it needed policy support.

Parvez also said businesses were being burdened by the minimum 1 percent turnover tax, even when they were incurring losses.

He also urged the government to raise the tax-to-GDP ratio.

At the discussion, the Dhaka Chamber proposed raising the tax-free income threshold for individuals to Tk 500,000, introducing an e-corporate tax return system, reducing source tax on interest from deposits and gradually phasing out the surcharge system.

The Gazipur Metropolitan Chamber proposed lowering the tax rate for unlisted companies from 27.5 percent to 25 percent.

The NBR chairman and other officials were present at the discussion.

> We are hearing things like: 'In another two or three months, your country won't have electricity.They are also telling us that their top management is discouraging them from placing too many orders with us now. Those orders are already starting to move to India.
>
> —*Anwar-Ul-Alam Chowdhury*

DAILY TIMES OF BANGLADESH
THURSDAY, 23 APRIL 2026

# DCCI seeks full automation of taxes

**TIMES Report** Dhaka

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) has proposed raising the tax-free income threshold to Tk5 lakh and introducing full digitalisation of the tax system in the FY2026-27 budget to widen the tax base and ease pressure on businesses.

According to the chamber, the proposals were submitted to the National Board of Revenue (NBR) at a pre-budget meeting on Wednesday, outlining 54 recommendations covering income tax, value added tax (VAT), customs duty and business facilitation.

DCCI Secretary General (Acting) AKM Asaduzzaman Patwary presented the proposals on behalf of DCCI President Taskeen Ahmed to NBR Chairman Md Abdur Rahman Khan.

The chamber said the measures aim to strengthen revenue mobilisation, reduce tax burden, support investment and create a business-friendly environment.

In income tax proposals, DCCI recommended keeping income up to Tk5 lakh tax-free and restructuring slabs, with rates ranging from 5 per cent to 25 per cent on higher income brackets.

It said the revised structure would bring new taxpayers into the net and ease pressure on low and middle-income groups.

The chamber also proposed cutting the corporate tax rate for non-listed companies from 27.5 per cent to 25 per cent, arguing that lower rates would encourage compliance and support business expansion.

**DCCI SAID THE PROPOSALS AIM TO EXPAND THE TAX BASE, IMPROVE COMPLIANCE, REDUCE COSTS, ENCOURAGE INVESTMENT AND SUPPORT EMPLOYMENT GENERATION IN THE UPCOMING FISCAL YEAR**

To improve compliance, DCCI called for mandatory use of digital and banking channels for transactions.

It highlighted that Bangladesh's tax-to-GDP ratio stood at 6.7 per cent in FY2025, with a large portion of economic activity remaining outside the formal system.

To address this, the chamber proposed full automation of tax administration through data integration.

It suggested linking national ID, banking, trade licences, utility connections, vehicle registration, mobile financial services and land records through a central system to identify potential taxpayers.

DCCI also proposed an automated e-corporate tax return system with online filing, appeals and refunds, including direct transfers through Bangladesh Electronic Funds Transfer Network (BEFTN).

The chamber recommended reducing withholding tax on interest from securities to 5 per cent and gradually phasing it out, alongside cutting withholding tax on corporate deposits from 20 per cent to 10 per cent.

It also proposed allowing adjustment of business losses against other income and gradually removing surcharge on net wealth over three to five years.

Minimum tax on turnover should be reduced to 0.25 per cent for individuals and 0.60 per cent for other entities, with a long-term move towards profit-based taxation, it said.

On VAT, DCCI proposed maintaining advance tax on imports at 5 per cent instead of raising it to 7.5 per cent and gradually phasing it out.

It also recommended removing the Tk50,000 cap on VAT refunds and introducing a fully online VAT system covering filing, appeals and refunds.

The chamber suggested a national mobile VAT application to generate real-time receipts and improve compliance.

It further called for automating customs refunds through direct bank transfers and introducing a uniform valuation system for certain imported chemicals to avoid market distortion.

The New Nation
THURSDAY, 23 APRIL 2026

# DCCI proposes tax cuts, automation for FY27 budget

**Business Desk**

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) on Wednesday placed 14 budget recommendations for the fiscal year 2026-27 (FY27), proposing reduced tax rates and full automation of the revenue system to boost economic growth.

The proposals were submitted to National Board of Revenue (NBR) Chairman Md Abdur Rahman Khan at a pre-budget meeting held at the NBR conference room in the capital, reports BSS.

Under the theme 'The Tax and Policies & Ease of Doing Business,' the chamber outlined its key recommendations focused on enhancing productivity and ensuring sustainable economic development.

To ease the burden on low- and middle-income groups amid inflationary pressures, DCCI proposed raising the individual tax-free income threshold to Tk 5,00,000. It also suggested a revised tax structure with a 5 percent rate on the next Tk 3,00,000, 10 percent on the following Tk 4,00,000, and a maximum tax rate capped at 25 percent.

For the corporate sector, the chamber recommended reducing the tax rate for non-listed companies from 27.5 percent to 25 percent, subject to transactions through banking or digital payment channels.

Bangladesh Post
a daily with a difference
THURSDAY, 23 APRIL 2026

# DCCI urges full automation of revenue structure

*Staff Correspondent*



Dhaka Chamber of Commerce & Industry (DCCI) has proposed setting the tax rate for non-listed companies at 25% instead of 27.5% in the FY 2026-27 budget, increasing the tax-free income limit for individuals to Tk 500,000, automating the revenue structure to enhance tax-GDP ratio, reducing advance tax on commercial imports from 7.5% to 5% and ensuring full automation of the customs refund system.

DCCI Secretary General (Acting) Dr. AKM Asaduzzaman Patwary presented DCCI's budget proposals for FY2026-27 on behalf of DCCI President Taskeen Ahmed on April Wednesday at the pre-budget discussion held at the conference center of the National Board of Revenue (NBR).

A summary of DCCI's 54 proposals covering income tax, VAT and import duties was submitted to NBR Chairman Md. Abdur Rahman Khan, FCMA. DCCI Acting President Md. Salem Sulaiman, Directors M. Mosharrof Hossain, Md. Mostafa Kamal, PEng and Rasheed Maimunul Islam were also present during the discussion.

Aligning with majority of the DCCI's proposals, NBR Chairman Md. Abdur Rahman Khan, FCMA, stated that in this year's budget, the NBR would focus more on removing non-tariff barriers rather than reducing tariff rates.

He said this would lower the cost of doing business, bring relief to the entrepreneurs and revitalize the country's macroeconomic environment.

He further noted that there would be no leniency in identifying tax evaders and bringing them under the tax net, aiming to reduce the burden and harassment on compliant taxpayers.

The NBR Chairman also mentioned that the government is committed to expanding the VAT base and sought all-out cooperation from the business community.

At the meeting, Convener of DCCI's Customs, VAT, Taxation and NBR Related Issues Standing Committee, MBM Lutful Hadee, FCA stated that DCCI has emphasized on expanding the tax net, increasing revenue collection capacity, creating a business-friendly environment, reducing the tax burden, boosting employment and providing supportive policy measures for investment in manufacturing sectors.

# বণিকবার্তা

বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬ সমৃদ্ধির সহযাত্রী



মধ্যপ্রাচ্য যুদ্ধের কারণে বিশ্ববাজারে অস্থিরতা এবং বিদ্যুৎ সংকটের কারণে জুলাই-আগস্টের সম্ভাব্য অনেক ক্রয়াদেশ থমকে গেছে। বিদেশী ক্রেতাদের মধ্যে বাংলাদেশের বিদ্যুৎ পরিস্থিতি ও স্থিতিশীলতা নিয়ে উদ্বেগ বাড়ছে। এ কারণে অনেক ক্রেতাপ্রতিষ্ঠান এখন ভারত বা অন্য দেশের দিকে ঝুঁকছে

**আনোয়ার-উল-আলম চৌধুরী**
সভাপতি, বিসিআই

এনবিআর সম্মেলন কক্ষে গতকাল আয়োজিত প্রাক-বাজেট আলোচনা
ছবি: নিজস্ব আলোকচিত্রী

## এনবিআরের প্রাক-বাজেট আলোচনা

# আমদানিতে আগাম কর বাতিলের প্রস্তাব শিল্প উদ্যোক্তাদের

নিজস্ব প্রতিবেদক ■

আসন্ন ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে বাণিজ্যিক আমদানিতে আগাম কর বৃদ্ধির প্রস্তাব বাতিল করে তা ধাপে ধাপে তুলে দেয়ার প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। এছাড়া করদাতাদের বার্ষিক করমুক্ত আয়সীমা ৩ লাখ ৭৫ হাজার থেকে বাড়িয়ে ৫ লাখ টাকা করার সুপারিশ করা হয়েছে। অন্যদিকে রফতানি আয়ের বিপরীতে ১ শতাংশ উৎসে কর কমিয়ে দশমিক ৫ শতাংশ করার সুপারিশ করেছে বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজ (বিসিআই)।

রাজধানীর আগারগাঁওয়ের জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সম্মেলন কক্ষে গতকাল আয়োজিত প্রাক-বাজেট আলোচনায় এসব প্রস্তাব তুলে ধরে শিল্প উদ্যোক্তাদের সংগঠন ডিসিসিআই ও বিসিআই। এ সময় এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান উপস্থিত ছিলেন।

ঢাকা চেম্বার জানিয়েছে, বাণিজ্যিক আমদানিতে আগাম কর ৫ থেকে বাড়িয়ে ৭ দশমিক ৫ শতাংশে করার প্রস্তাব বাতিল করা প্রয়োজন। পরিবর্তে মূল্য সংযোজনের হার ৫০ থেকে ৫ শতাংশে নামিয়ে এনে পর্যায়ক্রমে আগাম কর পুরোপুরি তুলে দেয়া হোক।

২০২৬-২৭ অর্থবছরের বাজেট উপলক্ষে মোট ১৬টি প্রস্তাব দেয় সংগঠনটি। এর মধ্যে রয়েছে তালিকাভুক্ত নয় এমন কোম্পানির নিয়মিত করহার সাড়ে ২৭ থেকে কমিয়ে ২৫ শতাংশ এবং তালিকাভুক্ত সিকিউরিটিজের ক্ষেত্রে উৎসে কর কাটার হার আগের মতো ৫ শতাংশ নির্ধারণ করা। সংগঠনটি বলছে, এ পদক্ষেপে শেয়ারবাজারে তালিকাভুক্ত কোম্পানির সংখ্যা বাড়বে। ডিসিসিআইয়ের পক্ষ থেকে প্রস্তাব তুলে ধরেন সংগঠনের ভারপ্রাপ্ত মহাসচিব একেএম আসাদুজ্জামান পাটোয়ারী এবং কাস্টমস অ্যাট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক এবিএম লুৎফুল হাদি।

উৎসে কর প্রসঙ্গে ঢাকা চেম্বারের প্রস্তাবে বলা হয়, অনুমোদিত সিকিউরিটিজের সুদের ওপর উৎসে করের হার আগের মতো ৫ শতাংশ নির্ধারণ করতে হবে। অতিরিক্ত কর কাটা হলে তা পরবর্তী বছরে সমন্বয় বা নির্ধারিত সময়ের মধ্যে ফেরতের ব্যবস্থাও রাখতে হবে। সংগঠনটির মতে, এসব সুবিধা দিলে তালিকাভুক্ত নয় আরো অনেক কোম্পানি শেয়ারবাজারে আসতে আগ্রহী হবে।

DCCI

ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

সভায় বেশ কয়েকটি প্রস্তাব দেয় বিসিআই। সংগঠনটির সভাপতি আনোয়ার-উল-আলম চৌধুরী বলেন, 'দেশের শিল্প খাত বর্তমানে জ্বালানি সংকট, উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে ধীরগতি ও উচ্চ মূল্যস্ফীতির মতো নানা সমস্যার মুখে রয়েছে। এতে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছেন।'

প্রযুক্তিনির্ভর ও উদ্ভাবনভিত্তিক শিল্পায়নের বিকল্প নেই উল্লেখ করে তিনি বলেন, 'বাজেটে স্বয়ংক্রিয় ব্যবস্থা, কৃত্রিম বুদ্ধিমত্তা, ডিজিটালায়ন, দক্ষতা উন্নয়ন ও পরিবেশবান্ধব উৎপাদন ব্যবস্থাকে অগ্রাধিকার দিতে হবে।'

জ্বালানি সংকটের কারণে বিদেশী ক্রেতারা দেশীয় তৈরি পোশাকে ক্রয়াদেশ বাতিল করছে বলে দাবি করেন বিসিআই সভাপতি। তিনি বলেন, 'সম্প্রতি মধ্যপ্রাচ্য যুদ্ধের কারণে বিশ্ববাজারে অস্থিরতা এবং বিদ্যুৎ সংকটের কারণে জুলাই-আগস্টের সম্ভাব্য অনেক ক্রয়াদেশ থমকে গেছে। বিদেশী ক্রেতাদের মধ্যে বাংলাদেশের বিদ্যুৎ পরিস্থিতি ও স্থিতিশীলতা নিয়ে উদ্বেগ বাড়ছে। এ কারণে অনেক ক্রেতাপ্রতিষ্ঠান এখন ভারত বা অন্য দেশের দিকে ঝুঁকছে। জুলাই-আগস্টের জন্য যেসব অর্ডার আসার কথা ছিল, তা ধীর হয়ে গেছে। অনেক ক্রেতা এরই মধ্যে নেতিবাচক বার্তা দিচ্ছেন। তাদের ঢাকা অফিসগুলো পরিস্থিতি সামাল দেয়ার চেষ্টা করলেও টপ ম্যানেজমেন্ট বর্তমানে বাংলাদেশে নতুন অর্ডার দেয়ার ক্ষেত্রে পিছু হটছে।' এ সময় বিসিআই সভাপতি আগামী বাজেটে ওষুধ, হালকা প্রকৌশল, কৃষিযন্ত্র, গাড়ি, চামড়া, তথ্যপ্রযুক্তি, কৃষি প্রক্রিয়াকরণ ও প্লাস্টিকসহ সম্ভাবনাময় শিল্প খাতগুলোয় আর্থিক সহায়তা, সহজ ঋণ এবং কর সুবিধা নিশ্চিত করার আহ্বান জানান। কাঁচামাল আমদানিতে বড় ও ছোট শিল্পের মধ্যে করের পার্থক্য তুলে দেয়া এবং ক্ষুদ্র ও মাঝারি শিল্পে বিশেষ কর সুবিধা, সরবরাহ পর্যায়ে উৎসে কর কমানো এবং টার্নওভারের ওপর ন্যূনতম কর বাতিলের প্রস্তাবও দিয়েছে বিসিআই।

এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, 'সব পর্যায়ে এখনই কর কমানো সম্ভব নয়। করপোরেট করহার আরো কমালে রাজস্ব আহরণ হ্রাস পাবে। বর্তমানে করহার নয়, কর কাঠামোর অসংগতি দূর করাই বড় চ্যালেঞ্জ।'

আলোচনা সভায় ঢাকা, ময়মনসিংহ ও সিলেট বিভাগের বিভিন্ন জেলার চেম্বারের প্রতিনিধিরাও অংশ নেন।

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া
বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬

# করমুক্ত আয়ের ন্যূনতম সীমা ৫ লাখ টাকা করার প্রস্তাব

- রাজস্ব কাঠামোতে পূর্ণাঙ্গ অটোমেশন জরুরি : ঢাকা চেম্বার
- করপোরেট কর কমানোর তেমন সুযোগ নেই : এনবিআর চেয়ারম্যান

DCCI
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি
*Since 1958*

■ ইত্তেফাক রিপোর্ট

আগামী ২০২৬-২৭ অর্থবছরের ব্যক্তিখাতে করমুক্ত আয়ের ন্যূনতম সীমা ৫ লাখ টাকা করার প্রস্তাব করেছে, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। সেই সঙ্গে অ-তালিকাভুক্ত কোম্পানির করহার ২৭.৫০ শতাংশের স্থলে ২৫ শতাংশ নির্ধারণ, রাজস্ব কাঠামোর অটোমেশন, বাণিজ্যিক আমদানিতে আগাম কর ৭.৫০ শতাংশ হতে হ্রাস করে ৫ শতাংশ নির্ধারণ এবং কাস্টমস রিফান্ড ব্যবস্থার পূর্ণাঙ্গ অটোমেশনের প্রস্তাব দেওয়া হয়েছে। গতকাল জাতীয় রাজস্ব বোর্ডে (এনবিআর) প্রাক্-বাজেট আলোচনায় এসব প্রস্তাবনা দেওয়া হয়। প্রস্তাবনা উপস্থাপনের শুরুতেই ঢাকা চেম্বারের কাস্টমস ভ্যাট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক এম বি এম লুৎফুল হাদি, এফসিএ বলেন, করজাল সম্প্রসারণ ও রাজস্ব আদায়ের সক্ষমতা বৃদ্ধি, ব্যবসা সহায়ক পরিবেশ ও করের বোঝা হ্রাস, কর্মসংস্থান বৃদ্ধি ও উৎপাদনশীল খাতে বিনিয়োগে নীতি সহায়তা প্রদানের বিষয়গুলোকে এ বছর ডিসিসিআই জোর দিয়েছে, যার মাধ্যমে উদ্যোক্তাদের ব্যবসা পরিচালনার ব্যয় হ্রাসের পাশাপাশি সরকারের রাজস্ব আহরণে হার বৃদ্ধি পাবে এবং দেশের সামগ্রিক অর্থনীতিতে ইতিবাচক প্রভাব আসবে বলে মনে করছে বাণিজ্য এ সংগঠনটি।

উল্লেখ্য, এনবিআরের সম্মেলনকেন্দ্রে অনুষ্ঠিত প্রাক্-বাজেট আলোচনা অনুষ্ঠানে ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেটে অন্তর্ভুক্তির জন্য আয়কর, মূল্য সংযোজন কর (মূসক) এবং আমদানি শুল্ক খাতে ঢাকা চেম্বারের ৫৪টি প্রস্তাবনার সারসংক্ষেপ এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খানের নিকট পেশ করেন ডিসিসিআইয়ের মহাসচিব (ভারপ্রাপ্ত) ড. এ কে এম আসাদুজ্জামান পাটোয়ারী। ডিসিসিআইর ভারপ্রাপ্ত সভাপতি মো. সালিম সোলায়মান, পরিচালক এম মোসাররফ হোসেন, ইঞ্জিনিয়ার মোস্তফা কামাল এবং রাশীদ মাইমুনুর ইসলাম এ সময় উপস্থিত ছিলেন।

বৈঠককালে ড. এ কে এম আসাদুজ্জামান পাটোয়ারী করজাল সম্প্রসারণ ও রাজস্ব ঘাটতি কমাতে সরকারি সব সেবা প্রদানকারী সংস্থাগুলোর ডেটা সমন্বয়ের মাধ্যমে সেন্ট্রাল এপিআই ইন্টিগ্রেশন ব্যবস্থার প্রবর্তন, কোম্পানির আমানতের উৎসে সুদ হার ২০ শতাংশ হতে কমিয়ে ১০ শতাংশ করা, কোম্পানির নিট সম্পদের ওপর আরোপিত সারচার্জ ধাপে ধাপে বিলোপকরণের ওপর জোরারোপ করেন। সেই সঙ্গে ব্যাবসায়িক কার্যক্রমে গতি আনয়নের পাশাপাশি দীর্ঘ মেয়াদে পরোক্ষ রাজস্ব আয় বাড়াতে ভ্যাট রিফান্ডের উর্ধ্বসীমা বাতিল ও ভ্যাট সংগ্রহ বৃদ্ধিতে মোবাইল অ্যাপ প্রবর্তনসহ সামগ্রিক মূসক কার্যক্রমে অটোমেশনের প্রস্তাব করেন ডিসিসিআইর ভারপ্রাপ্ত মহাসচিব।

প্রস্তাবনার বিষয়ে এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, এ বছরের বাজেটে জাতীয় রাজস্ব বোর্ড, শুল্কের হার হ্রাসের চেয়ে নন-ট্যারিফ প্রতিবন্ধকতা নিরসনের ওপর বেশি গুরুত্ব দিবে, যার মাধ্যমে ব্যবসা পরিচালনার ব্যয় কমবে, উদ্যোক্তাদের স্বস্তি আসবে পাশাপাশি দেশের ম্যাক্রো অর্থনীতিতে প্রাণ ফিরে আসবে। তিনি আরো বলেন, সত্যিকারের কমপ্লায়েন্স করদাতাদের ওপর করের বোঝা ও হয়রানি হ্রাসের লক্ষ্যে যারা কর ফাঁকি দিচ্ছেন, তাদের চিহ্নিত করে করের আওতায় নিয়ে আসার ক্ষেত্রে কোনো শৈথিল্য গ্রহণ করা হবে না। এনবিআর চেয়ারম্যান জানান, সরকার ভ্যাটের আওতা বাড়ানোর বিষয়ে এনবিআর বদ্ধপরিকর, এ ব্যাপারে ব্যবসায়ীদের সহযোগিতা কামনা করেন। তিনি উল্লেখ করেন, ভ্যাটের থ্রেসহোল্ড গত বছর ৩ কোটি টাকা হতে ৫০ লাখে নামিয়ে আনা হয়েছে এবং বর্তমানে ভ্যাট নিবন্ধনকারী প্রতিষ্ঠানের সংখ্যা মাত্র ৮ লাখেরও কম, আমাদের অর্থনীতির সক্ষমতা বিচারে এ সংখ্যা কোটির বেশি হওয়া উচিত। এনবিআর চেয়ারম্যান আরো বলেন, করপোরেট করের হার ৫০ শতাংশ হতে ক্রমান্বয়ে কমিয়ে বর্তমানে ২৭.৫০ শতাংশে নামিয়ে আনা হয়েছে, এটিকে আরো হ্রাসের আসলেই তেমন সুযোগ নেই, তবে ইফেকটিভ করের হার যেন না বাড়ে তার ওপর বেশি মনোযোগী হওয়া জরুরি। আগামী বছর হতে করপোরেট করের রিটার্ন অনলাইনে প্রদান প্রক্রিয়া চালু হবে পাশাপাশি কর ফেরত (রিফান্ড) প্রদানের ব্যবস্থা অনলাইনে নিশ্চিতের কার্যক্রমও শেষ পর্যায়ে রয়েছে।

প্রথম আলো
বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬

# এলপিজি সিলিন্ডারে ভ্যাট প্রত্যাহারের দাবি

## প্রাক্-বাজেট আলোচনা

এনবিআরে গতকাল প্রাক্-বাজেট আলোচনায় সকালে ৪টি ও বিকেলে ৯টি চেম্বার সংগঠন তাদের বিভিন্ন প্রস্তাব তুলে ধরে।

**নিজস্ব প্রতিবেদক**, *ঢাকা*

একই প্রতিষ্ঠানের এলপিজি সিলিন্ডার গ্যাস ভর্তির জন্য বোটলিং ইউনিটে গেলে ১০ শতাংশ মূসক দিতে হয়। এটি প্রত্যাহারের দাবি জানিয়েছে এলপিজি অপারেটরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (লোয়াব)। জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) পক্ষ থেকে এই প্রস্তাব নাকচ করা হয়েছে।

গতকাল বুধবার ঢাকার আগারগাঁওয়ে রাজস্ব ভবনে এনবিআরের প্রাক্-বাজেট আলোচনায় লোয়াবসহ ১৩টি ব্যবসায়ী সংগঠন তাদের বাজেট প্রস্তাব তুলে ধরার পাশাপাশি বিভিন্ন দাবি জানায়। এর মধ্যে সকালে ৪টি ও বিকেলে ৯টি সংগঠন আলোচনায় অংশ নেয়। তাদের বেশ কিছু প্রস্তাব বিবেচনার আশ্বাস দেন এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান।

লোয়াবের মহাসচিব মোহাম্মদ আহসানুল জব্বার বলেন, 'আলাদা স্থানে গ্যাস ভর্তি করা হলেও একই কোম্পানি সিলিন্ডার তৈরি করে থাকে। তাই এ ক্ষেত্রে মূসক প্রত্যাহারের দাবি করছি।' জবাবে এনবিআর চেয়ারম্যান বলেন, 'এটা কমালে দাম কমবে, এমন কোনো ব্যাপার নেই। তাই সব পর্যায়ে আমরা ভ্যাট দিয়ে দেব।'

ফার্নিচার শিল্পমালিক সমিতির চেয়ারম্যান সেলিম এইচ রহমান আসবাবের কাঁচামাল আমদানিতে শুল্ক হ্রাসের দাবি জানান। বলেন, 'আমাদের ২০ শতাংশ শুল্ক এবং ২০ শতাংশ নিয়ন্ত্রণমূলক শুল্ক দিতে হয়। মূসক, আগাম আয়করসহ মোট করের হার দাঁড়ায় ১১৮ শতাংশ।' অগ্রিম আয়কর ৫ শতাংশ থেকে কমিয়ে ২ শতাংশ করার প্রস্তাব দেন তিনি।

এর জবাবে এনবিআর চেয়ারম্যান বলেন, 'আপনাদের জন্য যেটা কাঁচামাল, অন্যদের জন্য সেটা হয়তো প্রস্তুত পণ্য। তাই আমদানি শুল্ক এত বেশি। নয়তো এত বেশি হওয়ার কথা নয়।'

পেপার মার্চেন্টস অ্যাসোসিয়েশন আমদানি শুল্ক ১৫ শতাংশ থেকে ৫ শতাংশ করার দাবি জানায়। সংগঠনটির পরিচালক মো. বেলাল বলেন, 'এখানে যেসব পেপার তৈরি হয় না, তা আমরা আমদানি করে থাকি।' অন্যদিকে বাংলাদেশ পেপার মিলস অ্যাসোসিয়েশন শুল্ক বৃদ্ধির দাবি জানিয়েছে।

ফ্রোজেন ফুডস এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন উৎসে কর প্রত্যাহারের প্রস্তাব দিয়েছে। সংগঠনটির ভারপ্রাপ্ত সভাপতি মো. তারিকুল ইসলাম জহির বলেন, 'আমরা চাষিদের কাছ থেকে চিংড়ি সংগ্রহ করি। তাঁদের না আছে ব্যাংক হিসাব, না আছে ভ্যাট নিবন্ধন।' ভেনামি চিংড়ি আমদানি করে রপ্তানিরও অনুমতি চান তিনি।

বাংলাদেশ কোল্ড স্টোরেজ অ্যাসোসিয়েশন যন্ত্রপাতি আমদানিতে শুল্ক হ্রাসের দাবি জানায়। সংগঠনটির সভাপতি মোস্তফা আজাদ চৌধুরী

### করমুক্ত আয়সীমা বৃদ্ধির সুপারিশ

করদাতাদের বার্ষিক করমুক্ত আয়ের সীমা ৩ লাখ ৭৫ হাজার টাকা থেকে বাড়িয়ে পাঁচ লাখ টাকা করার সুপারিশ করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। মূল্যস্ফীতির চাপে থাকা সীমিত আয়ের করদাতাদের খানিক স্বস্তি দিতে এ প্রস্তাব দেয় ডিসিসিআই।

ঢাকা চেম্বারের পক্ষে প্রস্তাবগুলো তুলে ধরেন সংগঠনটির কাস্টমস ও ভ্যাটবিষয়ক স্থায়ী কমিটির আহ্বায়ক এ বি এম লুৎফুল হাদি। তিনি ননলিস্টেড কোম্পানির করহার ২৫ শতাংশ করার দাবি জানান এবং বাণিজ্যিক আমদানিতে আগাম করহার সাড়ে ৭ শতাংশের বদলে ৫ শতাংশ করার প্রস্তাব দেন।

বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রির (বিসিআই) সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী পারভেজ বাজেট প্রস্তাব তুলে ধরে বলেন, শিল্প খাতের প্রবৃদ্ধি কমছে। তাই শুধু পোশাক খাতের ওপর নির্ভর করে কর্মসংস্থান বাড়ানো যাবে না। অন্যান্য খাতকেও গুরুত্ব দিতে হবে।

সভায় সিলেট চেম্বারের বাজেট কমিটির সদস্য তোফাজ্জল হোসেন বলেন, এনবিআর পুরোনো মামলা সমাধান করলে অনেক টাকা আয় করতে পারবে।

তারুণ্যের প্রকাশের দুরন্ত সাহস
সমকাল
বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬

## প্রাক-বাজেট আলোচনায় বিসিআই সভাপতি

# জ্বালানি নিয়ে শঙ্কায় পোশাকের অর্ডার স্থগিত করছেন ক্রেতারা

**সমকাল প্রতিবেদক**

আগামী দুই থেকে তিন মাসের মধ্যে জ্বালানিশূন্য হয়ে যেতে পারে বাংলাদেশ– এমন আশঙ্কায় তৈরি পোশাকের অর্ডার বা ক্রয়াদেশ স্থগিত করেছেন অনেক বিদেশি ক্রেতা। বাংলাদেশ ছেড়ে এসব অর্ডার ভারতসহ অন্য দেশে চলে যাচ্ছে। এতে করে বৈদেশিক মুদ্রার প্রধান উৎস তৈরি পোশাক খাত এক গভীর সংকটের মুখে পড়তে যাচ্ছে। বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজের (বিসিআই) সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী (পারভেজ) গতকাল বুধবার জাতীয় রাজস্ব বোর্ডে (এনবিআর) বিভিন্ন ব্যবসায়ী চেম্বারের সঙ্গে আয়োজিত প্রাক-বাজেট আলোচনায় এমন বক্তব্য দেন।

বিসিআই সভাপতি বলেন, বিশ্ববাজারে অস্থিরতা, বিদ্যুৎ সংকটসহ অভ্যন্তরীণ কিছু সীমাবদ্ধতার কারণে বিদেশি ক্রেতাদের মধ্যে বাংলাদেশের স্থিতিশীলতা নিয়ে উদ্বেগ বাড়ছে। এ কারণে অনেক ক্রেতা প্রতিষ্ঠান এখন ভারত বা অন্য দেশের দিকে ঝুঁকছে। আগামী জুলাই এবং আগস্ট মাসের জন্য যে পরিমাণ অর্ডার আসার কথা ছিল, তা অত্যন্ত ধীর হয়ে গেছে। অনেক বড় ক্রেতা ইতোমধ্যে নেতিবাচক বার্তা দেওয়া শুরু করেছে। তিনি বলেন, বড় ক্রেতাদের ঢাকা অফিসগুলো পরিস্থিতি সামাল দেওয়ার চেষ্টা করলেও তাদের ঊর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বর্তমানে বাংলাদেশে নতুন অর্ডার দেওয়ার ক্ষেত্রে পিছু হটছে।

> জুলাই ও আগস্ট মাসের জন্য যে পরিমাণ অর্ডার আসার কথা ছিল, তা অত্যন্ত ধীর হয়ে গেছে। অনেক বড় ক্রেতা ইতোমধ্যে নেতিবাচক বার্তা দেওয়া শুরু করেছে




**আনোয়ার-উল আলম চৌধুরী (পারভেজ)**
সভাপতি, বিসিআই

আনোয়ার-উল আলম চৌধুরী বলেন, বর্তমান কর ব্যবস্থা অবাস্তব। লাভ বা লোকসান হোক, ১ শতাংশ হারে ন্যূনতম কর পরিশোধ করতে হয়। এই বিধান অনেক প্রতিষ্ঠানের জন্য কঠিন, বিশেষত ছোট উদ্যোক্তাদের জন্য অনেক বড় বোঝা হয়ে দাঁড়িয়েছে। মুনাফা না থাকলেও কর দিতে হয়, যা ছোট প্রতিষ্ঠানগুলোকে অস্তিত্ব সংকটে ফেলছে।

তিনি বলেন, কর যাচাইয়ের নামে যে কোনো প্রতিষ্ঠানের কম্পিউটার সিস্টেম বা নথিপত্র জব্দ করার ক্ষমতা ব্যবসায়ীদের মধ্যে এক ধরনের অস্বস্তি তৈরি করছে। বিসিআই সভাপতি রপ্তানি আয়ের ওপর উৎস কর কমানোর অনুরোধ জানান। তবে এনবিআর চেয়ারম্যান আবদুর রহমান খান জানান, উৎসে কর কমানো হবে না।

সভায় ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই) ব্যক্তি করদাতার করমুক্ত আয়ের সীমা বর্তমান তিন লাখ ৭৫ হাজার টাকা থেকে বাড়িয়ে পাঁচ লাখ টাকা করার প্রস্তাব দেয়। ডিসিসিআই মনে করে, এতে নিম্ন ও নিম্নমধ্যবিত্ত আয়ের মানুষ মূল্যস্ফীতির চাপ সামলাতে পারবে এবং নতুন করদাতারা করজালের আওতায় আসতে উৎসাহিত হবে। এ ছাড়া পুঁজিবাজারে তালিকাভুক্ত নয়, এমন কোম্পানির করহার সাড়ে ২৭ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশ করার প্রস্তাব করেছে সংগঠনটি। ডিসিসিআইর পক্ষে প্রস্তাব তুলে ধরেন সংগঠনের ভারপ্রাপ্ত মহাসচিব একেএম আসাদুজ্জামান পাটোয়ারী।

এনবিআর চেয়ারম্যান বলেন, ব্যক্তি বিনিয়োগকারীদের জন্য সিকিউরিটিজের সুদের ওপর উৎসে কর কর্তনের হার ১০ শতাংশ এবং কোম্পানির ক্ষেত্রে ১৫ শতাংশ নির্ধারিত রয়েছে। অনেক দেশে কর আহরণের বেশির ভাগ উৎসে কর থেকে আসে। ভবিষ্যৎ রাজস্ব আহরণের লক্ষ্য বিবেচনায় এটি কমানোর সুযোগ নেই, বরং বাড়ানোর চিন্তা করতে হবে। তিনি বলেন, প্রযোজ্য করের তুলনায় উৎসে বেশি কাটা হলে তা পরের বছর সমন্বয় বা রিফান্ড করার সুযোগ থাকছে।

কালের কণ্ঠ

বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬

# ক্ষতির পরও ন্যূনতম কর দেওয়া ব্যবসায়ীদের জন্য বোঝা

- দু-তিন মাসের মধ্যে দেশ জ্বালানিশূন্য হবে—এমন আশঙ্কায় বাংলাদেশ ছেড়ে ক্রয়াদেশ ভারতসহ অন্য দেশে চলে যাচ্ছে : বিসিআই সভাপতি
- বাজেটে শুল্কহার হ্রাসের চেয়ে নন-ট্যারিফ প্রতিবন্ধকতা নিরসনে বেশি গুরুত্ব দেওয়া হবে : এনবিআর চেয়ারম্যান

## এনবিআরের সঙ্গে বিভিন্ন সংগঠনের প্রাক-বাজেট আলোচনা



এনবিআরের প্রাক-বাজেট আলোচনায় ঢাকা চেম্বার, বিসিআই ও বেশ কয়েকটি চেম্বার অংশ নেয়। ছবি : সংগৃহীত

নিজস্ব প্রতিবেদক ▷

বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজের (বিসিআই) সভাপতি আনোয়ার-উল-আলম চৌধুরী পারভেজ বলেছেন, ব্যবসায় ক্ষতি হওয়ার পরও ১ শতাংশ হারে ন্যূনতম টার্নওভার কর দিতে হয়। এ বিষয়টিকে ব্যবসার জন্য 'বোঝা' বলে উল্লেখ করেন তিনি। এ ছাড়া আগামী দুই থেকে তিন মাসের মধ্যে দেশ জ্বালানিশূন্য হবে—এমন আশঙ্কায় অনেক বিদেশি ক্রেতা ক্রয়াদেশ স্থগিত করছেন বলেও জানান তিনি।

এদিকে মোট দেশজ উৎপাদনে (জিডিপি) করের অবদান বাড়াতে ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে রাজস্ব কাঠামোর পূর্ণাঙ্গ অটোমেশন প্রস্তাব করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। একই সঙ্গে

অতালিকাভুক্ত কম্পানির করহার ২৭.৫ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশ নির্ধারণ, ব্যক্তি খাতে করমুক্ত আয়ের ন্যূনতম সীমা পাঁচ লাখ টাকা করা, বাণিজ্যিক আমদানিতে আগাম কর ৭.৫ শতাংশ থেকে হ্রাস করে ৫ শতাংশ নির্ধারণ এবং কাস্টমস রিফান্ড ব্যবস্থার পূর্ণাঙ্গ অটোমেশনের প্রস্তাব করেছে সংগঠনটি।

গতকাল এনবিআরের সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত প্রাক-বাজেট আলোচনা অনুষ্ঠানে ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেটে অন্তর্ভুক্তির জন্য আয়কর, মূল্য সংযোজন কর (মূসক) ও আমদানি শুল্ক খাতে ঢাকা চেম্বারের ৫৪টি প্রস্তাবের সারসংক্ষেপ জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান মো. আবদুর রহমান খানের কাছে পেশ করেন ডিসিসিআইয়ের মহাসচিব (ভারপ্রাপ্ত) ড. এ কে এম আসাদুজ্জামান পাটোয়ারী।

প্রস্তাব উপস্থাপনের শুরুতে ঢাকা চেম্বারের কাস্টমস ভ্যাট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক এম বি এম লুৎফুল হাদি বলেন, 'করজাল সম্প্রসারণ ও রাজস্ব আদায়ের সক্ষমতা বৃদ্ধি, ব্যবসা সহায়ক পরিবেশ ও করের বোঝা হ্রাস, কর্মসংস্থান বৃদ্ধি ও উৎপাদনশীল খাতে বিনিয়োগে নীতি সহায়তা প্রদানের বিষয়গুলোতে এ বছর ডিসিসিআই জোর দিয়েছে, যার মাধ্যমে উদ্যোক্তাদের ব্যবসা পরিচালনার ব্যয় হ্রাসের পাশাপাশি সরকারের রাজস্ব আহরণের হার বৃদ্ধি পাবে এবং দেশের সামগ্রিক অর্থনীতিতে ইতিবাচক প্রভাব আসবে।'

আলোচনায় ডিসিসিআইয়ের ভারপ্রাপ্ত মহাসচিব করজাল সম্প্রসারণ ও রাজস্ব ঘাটতি কমাতে সরকারি সব সেবা প্রদানকারী সংস্থার ডেটা সমন্বয়ের মাধ্যমে সেন্ট্রাল এপিআই ইন্টিগ্রেশন ব্যবস্থার প্রবর্তন, কম্পানির আমানতের উৎসে সুদহার ২০ শতাংশ থেকে কমিয়ে ১০ শতাংশ করা, কম্পানির নিট সম্পদের ওপর আরোপিত সারচার্জ ধাপে ধাপে বিলোপকরণের ওপর গুরুত্বারোপ করেন। সেই সঙ্গে ব্যাবসায়িক কার্যক্রমে গতি আনার পাশাপাশি দীর্ঘ মেয়াদে পরোক্ষ রাজস্ব আয় বাড়াতে ভ্যাট রিফান্ডের ঊর্ধ্বসীমা বাতিল এবং ভ্যাট সংগ্রহ বৃদ্ধিতে মোবাইল অ্যাপ প্রবর্তনসহ সামগ্রিক মূসক কার্যক্রমে অটোমেশনের প্রস্তাব করেন তিনি।

ঢাকা চেম্বারের প্রস্তাব প্রসঙ্গে এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, 'এ বছরের বাজেটে জাতীয় রাজস্ব বোর্ড শুল্কের হার হ্রাসের চেয়ে নন-ট্যারিফ প্রতিবন্ধকতা নিরসনের ওপর বেশি গুরুত্ব দেবে, যার মাধ্যমে ব্যবসা পরিচালনার ব্যয় কমবে, উদ্যোক্তাদের স্বস্তি আসবে, পাশাপাশি দেশের ম্যাক্রো অর্থনীতিতে প্রাণ ফিরে আসবে।' তিনি আরো বলেন, 'সত্যিকারের কমপ্লায়েন্স করদাতাদের ওপর করের বোঝা ও হয়রানি হ্রাসের লক্ষ্যে যারা কর ফাঁকি দিচ্ছে, তাদের চিহ্নিত করে করের আওতায় নিয়ে আসার ক্ষেত্রে কোনো শৈথিল্য গ্রহণ করা হবে না।' এনবিআর চেয়ারম্যান জানান, ভ্যাটের আওতা বাড়ানোর বিষয়ে এনবিআর বদ্ধপরিকর।

আবদুর রহমান খান বলেন, 'দেশের স্বার্থে আমাদের রাজস্ব বাড়াতে হবে। এখানে করপোরেট করহার কমানোর কোনো সুযোগ নেই। বরং আমাদের এখন এটি বাড়ানোর চিন্তা করতে হবে।'

প্রাক-বাজেট আলোচনায় ঢাকা চেম্বারের পক্ষ থেকে পুঁজিবাজারে তালিকাভুক্ত নয় এমন কম্পানির করপোরেট কর ২৫ শতাংশ এবং তালিকাভুক্ত কম্পানির ক্ষেত্রে (টিডিএস) ৫ শতাংশ করার দাবি জানানো হয়েছে। এ ছাড়া ব্যক্তি খাতে করমুক্ত আয়ের ন্যূনতম সীমা পাঁচ লাখ টাকা করা, জিডিপিতে করের অবদান বাড়াতে অটোমেশন, বাণিজ্যিক আমদানিতে আগাম কর কমিয়ে ৫ শতাংশ, ই-করপোরেট কর রিটার্ন ব্যবস্থা চালু, আমানতের সুদে উৎসে কর কমানো, সারচার্জ ব্যবস্থা ধাপে ধাপে বিলোপ ও কাস্টমস রিফান্ড ব্যবস্থার পূর্ণাঙ্গ অটোমেশনের দাবি জানিয়েছে ঢাকা চেম্বার।

আমরা জনগণের পক্ষে
বাংলাদেশ প্রতিদিন
বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬

# অ-তালিকাভুক্ত কোম্পানির করহার কমানোর দাবি ব্যবসায়ীদের

## এনবিআরের সঙ্গে প্রাক-বাজেট আলোচনা

নিজস্ব প্রতিবেদক

আগামী ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে অ-তালিকাভুক্ত কোম্পানির করপোরেট করহার সাড়ে ২৭ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশ এবং কোম্পানির আমানতের উৎসে-কর হার ২০ শতাংশ থেকে কমিয়ে ১০ শতাংশ নির্ধারণ করার প্রস্তাব করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। গতকাল জাতীয় রাজস্ব বোর্ডে (এনবিআর) প্রাক-বাজেট আলোচনায় সংগঠনের পক্ষ থেকে এ প্রস্তাবনা দেওয়া হয়। সভায় এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান উপস্থিত ছিলেন। আলোচনায় ই-করপোরেট কর রিটার্ন ব্যবস্থা চালু করে করপোরেট প্রতিষ্ঠানগুলোকে সহজ, স্বচ্ছ ও নিরাপদে অনলাইনে রিটার্ন দাখিলের সুযোগ দেওয়ার দাবি জানায় ডিসিসিআই। এতে একটি সম্পূর্ণ সমন্বিত ডিজিটাল প্রক্রিয়া থাকবে, যা অন্যান্য করসেবার সঙ্গে সংযুক্ত হওয়ায় অতিরিক্ত কাগজপত্র জমা দেওয়ার প্রয়োজন হবে না জানায় সংগঠনটি। প্রস্তাবিত প্ল্যাটফর্মে আপিল ও কর ফেরত (রিফান্ড) প্রক্রিয়াও বিইএফটিএনের মাধ্যমে ব্যাংক হিসাব স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন হবে, ফলে সময় ও ব্যয় কমবে। অটোমেটেড কর রিটার্ন পদ্ধতি বাস্তবায়নের ফলে করপোরেট প্রতিষ্ঠানের জন্য সময় এবং খরচ কমবে। এ ছাড়া নিয়মিতভাবে এটি যাচাইকরণের ফলে ভুলের সম্ভাবনা কমে যাবে এবং রাজস্ব বৃদ্ধি পাবে বলে জানায় ডিসিসিআই।

এদিকে আলোচনায় এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, করপোরেট করের হার ৫০ শতাংশ থেকে ক্রমান্বয়ে কমিয়ে বর্তমানে সাড়ে ২৭ শতাংশে নামিয়ে আনা হয়েছে। এটিকে আর কমানোর তেমন সুযোগ নেই। তবে ইফেকটিভ করের হার যেন না বাড়ে তার ওপর বেশি মনোযোগী হওয়া জরুরি। আগামী বছর থেকে করপোরেট করের রিটার্ন অনলাইনে প্রদান প্রক্রিয়া চালু হবে। পাশাপাশি কর ফেরত (রিফান্ড) প্রদানের ব্যবস্থা অনালইনে নিশ্চিতের কার্যক্রমও শেষ পর্যায়ে রয়েছে। অপরদিকে বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রির (বিসিআই) প্রস্তাব তুলে ধরেন চেম্বার সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী পারভেজ। তিনি বলেন, শিল্প খাতের প্রবৃদ্ধি কমছে। তাই শুধু পোশাক খাতের ওপর নির্ভর করে কর্মসংস্থান বাড়ানো যাবে না। অন্য খাতে গুরুত্ব দিতে হবে। বড় কোম্পানির প্লাস্টিকের কাঁচামাল আমদানিতে ১ শতাংশ শুল্ক দিতে হয়। কিন্তু ক্ষুদ্র ব্যবসায়ীদের অগ্রিম কর, আগাম আয়কর, মূসকসহ ৩০ শতাংশ শুল্ক দিতে হয়। বিষয়টি বিবেচনা করা দরকার। তিনি আরও বলেন, লাভ হোক বা লোকসান, ১ শতাংশ হারে ন্যূনতম কর পরিশোধ করা অনেক প্রতিষ্ঠানের জন্য কঠিন হয়ে পড়েছে। বিশেষ করে ছোট উদ্যোক্তাদের জন্য এটা অনেক বড় অঙ্ক।

মুক্ত প্রাণের প্রতিধ্বনি
ভোরের কাগজ
বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬

ডিসিসিআই

# রাজস্ব কাঠামো অটোমেশনের তাগিদ

কাগজ প্রতিবেদক

আসন্ন ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেটে রাজস্ব কাঠামোয় পূর্ণাঙ্গ অটোমেশন, করের হার যৌক্তিকীকরণ এবং ব্যবসাবান্ধব নীতির ওপর জোর দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। একইসঙ্গে করজাল সম্প্রসারণ ও রাজস্ব আহরণ বাড়াতে প্রযুক্তিনির্ভর ব্যবস্থার প্রবর্তনের প্রস্তাব করেছে সংগঠনটি।

গত বুধবার জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সম্মেলন কেন্দ্রে অনুষ্ঠিত প্রাক-বাজেট আলোচনায় ডিসিসিআইর ৫৪টি প্রস্তাবনার সারসংক্ষেপ এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খানের কাছে উপস্থাপন করেন সংগঠনটির ভারপ্রাপ্ত মহাসচিব ড. একেএম আসাদুজ্জামান পাটোয়ারী।

ডিসিসিআই প্রস্তাবনায় অ-তালিকাভুক্ত কোম্পানির করহার বর্তমান ২৭ দশমিক ৫ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশ নির্ধারণ, ব্যক্তিশ্রেণির করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকায় উন্নীত করা এবং বাণিজ্যিক আমদানিতে আগাম কর ৭ দশমিক ৫ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ করার সুপারিশ করা হয়েছে। পাশাপাশি কাস্টমস রিফান্ড ও ভ্যাট ব্যবস্থাপনায় পূর্ণাঙ্গ অটোমেশন নিশ্চিতের ওপর গুরুত্বারোপ করা হয়।

প্রস্তাবনা উপস্থাপনের শুরুতে ডিসিসিআইর কাস্টমস ও ভ্যাট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক এমবিএম লুৎফুল হাদি বলেন, করজাল সম্প্রসারণ, রাজস্ব আদায়ের সক্ষমতা বৃদ্ধি এবং ব্যবসাবান্ধব পরিবেশ তৈরির মাধ্যমে উদ্যোক্তাদের ব্যয় কমানো সম্ভব। এতে একদিকে সরকারের রাজস্ব আয় বাড়বে, অন্যদিকে সামগ্রিক অর্থনীতিতে ইতিবাচক প্রভাব পড়বে।

আলোচনায় ডিসিসিআই'র ভারপ্রাপ্ত মহাসচিব ড. পাটোয়ারী বলেন, করজাল সম্প্রসারণ ও রাজস্ব ঘাটতি কমাতে সরকারি বিভিন্ন সংস্থার তথ্য সমন্বয়ের মাধ্যমে সেন্ট্রাল এপিআই ইন্টিগ্রেশন চালু করা প্রয়োজন। এছাড়া কোম্পানির আমানতের ওপর উৎসে কর ২০ শতাংশ থেকে কমিয়ে ১০ শতাংশে নামানো এবং নিট সম্পদের ওপর আরোপিত সারচার্জ ধাপে ধাপে বিলোপের প্রস্তাব দেন তিনি।

তিনি আরো বলেন, ব্যবসায়িক কার্যক্রমে গতি আনতে এবং দীর্ঘমেয়াদে রাজস্ব আয় বাড়াতে ভ্যাট রিফান্ডের ঊর্ধ্বসীমা তুলে দেয়া, মোবাইল অ্যাপের মাধ্যমে ভ্যাট সংগ্রহ জোরদার এবং সামগ্রিক মূসক ব্যবস্থায় অটোমেশন নিশ্চিত করা জরুরি। ডিসিসিআই এর প্রস্তাবনার সঙ্গে আংশিক একমত পোষণ করে এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, আসন্ন বাজেটে শুল্ক হার কমানোর চেয়ে নন-ট্যারিফ বাধা দূর করার ওপর বেশি গুরুত্ব দেয়া হবে। এতে ব্যবসা পরিচালনার ব্যয় কমবে এবং অর্থনীতিতে ইতিবাচক গতি আসবে।

তিনি জানান, কর ফাঁকিদাতাদের চিহ্নিত করে করের আওতায় আনার ক্ষেত্রে কঠোর অবস্থানে থাকবে এনবিআর। একইসঙ্গে প্রকৃত করদাতাদের ওপর করের চাপ ও হয়রানি কমানোর উদ্যোগ নেয়া হবে।

এনবিআর চেয়ারম্যান বলেন, ভ্যাটের আওতা বাড়াতে সংস্থাটি বদ্ধপরিকর। বর্তমানে দেশে ভ্যাট নিবন্ধিত প্রতিষ্ঠানের সংখ্যা ৮ লাখের কম হলেও অর্থনীতির আকার বিবেচনায় এটি কোটির বেশি হওয়া উচিত। তিনি উল্লেখ করেন, করপোরেট করহার ধাপে ধাপে কমিয়ে বর্তমানে ২৭ দশমিক ৫ শতাংশে নামানো হয়েছে; এটি আরো কমানোর সুযোগ সীমিত, তবে কার্যকর করহার যেন না বাড়ে সে বিষয়ে নজর দেয়া হবে।

তিনি আরো জানান, আগামী অর্থবছর থেকে করপোরেট কর রিটার্ন অনলাইনে দাখিল বাধ্যতামূলক করা হবে এবং ভ্যাট ও কর রিফান্ড ব্যবস্থাও পুরোপুরি অনলাইনে আনার কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে।

প্রাক-বাজেট আলোচনায় ডিসিসিআই এর ভারপ্রাপ্ত সভাপতি মো. সালিম সোলায়মান, পরিচালক এম মোসাররফ হোসেন, ইঞ্জিনিয়ার মোস্তফা কামাল ও রাশীদ মাইমুনুর ইসলামসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

দৈনিক বাংলা

বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬



# আসন্ন বাজেটে পূর্ণাঙ্গ অটোমেশন ও করহার কমানোর প্রস্তাব ডিসিসিআইর

**নিজস্ব প্রতিবেদক**

আগামী ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেটে রাজস্ব ব্যবস্থাপনায় পূর্ণাঙ্গ অটোমেশন নিশ্চিত করা, করের হার সমসাময়িক করা এবং ব্যবসাবান্ধব নীতিমালার ওপর বিশেষ গুরুত্বারোপ করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। রাজস্ব আদায়ের পরিধি বাড়ানো এবং আহরণ প্রক্রিয়া ত্বরান্বিত করতে প্রযুক্তিনির্ভর ব্যবস্থার প্রবর্তনের প্রস্তাব দিয়েছে সংগঠনটি।

গতকাল বুধবার জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সম্মেলন কক্ষে আয়োজিত প্রাক-বাজেট সংলাপে ডিসিসিআই-এর পক্ষ থেকে ৫৪টি সুপারিশ সম্বলিত প্রস্তাবনার সারসংক্ষেপ এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খানের কাছে উপস্থাপন করেন সংগঠনটির ভারপ্রাপ্ত মহাসচিব ড. একেএম আসাদুজ্জামান পাটোয়ারী।

প্রস্তাবিত সুপারিশমালায় অ-তালিকাভুক্ত কোম্পানির বিদ্যমান করহার ২৭.৫ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশ করা, সাধারণ নাগরিকদের করমুক্ত আয়ের সীমা ৫ লাখ টাকায় উন্নীত করা এবং বাণিজ্যিক আমদানির ক্ষেত্রে অগ্রিম কর ৭.৫ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশে নামিয়ে আনার দাবি জানানো হয়েছে। এর পাশাপাশি কাস্টমস ও ভ্যাট রিফান্ড ব্যবস্থাপনায় স্বচ্ছতা আনতে সম্পূর্ণ অটোমেশন নিশ্চিত করার ওপর জোর দেওয়া হয়। ডিসিসিআই-এর সংশ্লিষ্ট কমিটির পক্ষ থেকে জানানো হয় যে, করজাল সম্প্রসারণ ও ব্যবসাবান্ধব পরিবেশ সৃষ্টির মাধ্যমে উদ্যোক্তাদের ব্যয় হ্রাস করা সম্ভব হলে সরকারের সামগ্রিক রাজস্ব আয় যেমন বাড়বে, তেমনি জাতীয় অর্থনীতিতেও এর ইতিবাচক প্রতিফলন ঘটবে।

সংলাপে ড. পাটোয়ারী আরও বলেন, রাজস্ব ঘাটতি মোকাবিলায় বিভিন্ন সরকারি সংস্থার তথ্য বিনিময়ের জন্য সেন্ট্রাল এপিআই ইন্টিগ্রেশন চালু করা প্রয়োজন। এ ছাড়া কোম্পানির আমানতের ওপর উৎসে কর ২০ শতাংশের পরিবর্তে ১০ শতাংশ করা এবং নিট সম্পদের ওপর আরোপিত সারচার্জ ধাপে ধাপে বিলোপ করার প্রস্তাব দেন তিনি। তার মতে, ব্যবসায়িক কার্যক্রমকে আরও গতিশীল করতে ভ্যাট রিফান্ডের উর্ধ্বসীমা তুলে দেওয়া এবং মোবাইল অ্যাপের মাধ্যমে ভ্যাট সংগ্রহ ব্যবস্থা শক্তিশালী করা এখন সময়ের দাবি।

ব্যবসায়ীদের এসব প্রস্তাবনার প্রেক্ষিতে এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, আসন্ন বাজেটে শুল্ক হার কমানোর চেয়ে নন-ট্যারিফ বাধা দূর করার ওপর বেশি গুরুত্ব দেওয়া হবে। এতে ব্যবসা পরিচালনার ব্যয় অনেকাংশে কমে আসবে এবং অর্থনীতির চাকায় নতুন গতি সঞ্চার হবে। তিনি হুঁশিয়ারি দিয়ে জানান, কর ফাঁকিদাতাদের শনাক্ত করে আইনের আওতায় আনতে এনবিআর কঠোর অবস্থানে থাকবে, তবে সৎ করদাতারা যাতে কোনো ধরনের হয়রানির শিকার না হন, সে বিষয়ে বিশেষ নজর দেওয়া হবে।

চেয়ারম্যান আরও উল্লেখ করেন যে, বর্তমানে দেশে ভ্যাট নিবন্ধিত প্রতিষ্ঠানের সংখ্যা ৮ লাখের কম হলেও অর্থনীতির বিশালত্ব বিবেচনায় এটি কোটির ঘরে থাকা উচিত ছিল।

তিনি জানান, করপোরেট করহার ইতোমধ্যে কমিয়ে ২৭.৫ শতাংশে আনা হয়েছে এবং কার্যকর করহার যেন আর না বাড়ে সেদিকে লক্ষ্য রাখা হবে। এ ছাড়া আগামী অর্থবছর থেকে করপোরেট রিটার্ন দাখিল অনলাইনে বাধ্যতামূলক করা হবে এবং ভ্যাট ও কর রিফান্ড ব্যবস্থাও ডিজিটাল করার প্রক্রিয়া প্রায় শেষ পর্যায়ে রয়েছে। ওই বৈঠকে ডিসিসিআই-এর শীর্ষ নেতারা এবং এনবিআরের উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

দৈনিক বাংলা

দেশ রূপান্তর
বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬

# রাজস্ব কাঠামো পূর্ণাঙ্গ অটোমেশন জরুরি

নিজস্ব প্রতিবেদক

দেশের রাজস্ব ও শুল্ক ব্যবস্থাপনাকে পূর্ণাঙ্গরূপে অটোমেশন (স্বয়ংক্রিয়ভাবে কাজ সম্পাদন) পদ্ধতির দাবি জানিয়েছেন ব্যবসায়ী নেতারা। গতকাল বুধবার জাতীয় রাজস্ব বোর্ডে (এনবিআর) প্রাক-বাজেট আলোচনায় অংশ নিয়ে এ প্রস্তাব করা হয়। অনুষ্ঠানে ঢাকা চেম্বারের পক্ষ থেকে ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেটে অন্তর্ভুক্তির জন্য আয়কর, মূল্য সংযোজন কর (মূসক) এবং আমদানি শুল্ক খাতের জন্য ঢাকা চেম্বারের ৫৪টি প্রস্তাবনার সারসংক্ষেপ এনবিআরের কাছে জমা দেয়।

এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান এফসিএমএ'র সভাপতিত্বে অনুষ্ঠানে ডিসিসি আইয়ের মহাসচিব (ভারপ্রাপ্ত) ড. একেএম আসাদুজ্জামান পাটোয়ারী, ডিসিসিআই ভারপ্রাপ্ত সভাপতি মো. সালিম সোলায়মান, পরিচালক এম মোসাররফ হোসেন, ইঞ্জিনিয়ার মোস্তফা কামাল এবং রাশীদ মাইমুনুর ইসলাম উপস্থিত ছিলেন।

ডিসিসিআই ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে অ-তালিকাভুক্ত কোম্পানির করহার ২৭ দশমিক ৫ শতাংশ থেকে ২৫ শতাংশ নির্ধারণ, ব্যক্তি খাতে করমুক্ত আয়ের ন্যূনতম সীমা ৫ লাখ টাকা করা, জিডিপিতে করের অবদান বৃদ্ধিতে রাজস্ব কাঠামোর অটোমেশন, বাণিজ্যিক আমদানিতে আগাম কর ৭ দশমিক ৫ শতাংশ থেকে হ্রাস করে ৫ শতাংশ নির্ধারণ এবং কাস্টমস রিফান্ড ব্যবস্থার পূর্ণাঙ্গ অটোমেশনের প্রস্তাব করেছে।

প্রস্তাবনা উপস্থাপনের শুরুতেই ঢাকা চেম্বারের কাস্টমস ভ্যাট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক এমবিএম লুৎফুল হাদি, এফসিএ বলেন, করজাল সম্প্রসারণ ও রাজস্ব আদায়ের সক্ষমতা বৃদ্ধি, ব্যবসা সহায়ক পরিবেশ ও করের বোঝা হ্রাস, কর্মসংস্থান বৃদ্ধি ও উৎপাদনশীল খাতে বিনিয়োগে নীতি সহায়তা প্রদানের বিষয়গুলোকে এ বছর ডিসিসিআই জোর দিয়েছে, যার মাধ্যমে উদ্যোক্তাদের ব্যবসা পরিচালনার ব্যয় হ্রাসের পাশাপাশি সরকারের রাজস্ব আহরণে হার বৃদ্ধি পাবে এবং দেশের সামগ্রিক অর্থনীতিতে ইতিবাচক প্রভাব আসবে বলে মনে করছে বাণিজ্য এ সংগঠনটি।

এনবিআরের সঙ্গে প্রাক-বাজেট আলোচনায় ঢাকা চেম্বার

বৈঠকের সময় ডিসিসি আইয়ের পক্ষ থেকে করজাল সম্প্রসারণ ও রাজস্ব ঘাটতি কমাতে সরকারি সকল সেবা প্রদানকারী সংস্থাগুলোর ডেটা সমন্বয়ের মাধ্যমে সেন্ট্রাল এপিআই ইন্টিগ্রেশন ব্যবস্থার প্রবর্তন, কোম্পানির আমানতের উৎসে সুদ হার ২০ শতাংশ থেকে কমিয়ে ১০ শতাংশ করা, কোম্পানির নিট সম্পদের ওপর আরোপিত সারচার্জ ধাপে ধাপে বিলোপকরণের ওপর জোরারোপ করেন। সেই সঙ্গে ব্যবসায়িক কার্যক্রমে গতি আনায়নের পাশাপাশি দীর্ঘমেয়াদে পরোক্ষ রাজস্ব আয় বাড়াতে ভ্যাট রিফান্ডের ঊর্ধ্বসীমা বাতিল ও ভ্যাট সংগ্রহ বৃদ্ধিতে মোবাইল অ্যাপ প্রবর্তনসহ সামগ্রিক মূসক কার্যক্রমে অটোমেশনের প্রস্তাব করা হয়।

প্রস্তাবের পরিপ্রেক্ষিতে এনবিআর চেয়ারম্যান আবদুর রহমান খান বলেন, এ বছরের বাজেটে জাতীয় রাজস্ব বোর্ড, শুল্কের হার হ্রাসের চেয়ে নন-ট্যারিফ প্রতিবন্ধকতা নিরসনের ওপর বেশি গুরুত্ব দেবে, যার মাধ্যমে ব্যবসা পরিচালনার ব্যয় কমবে, উদ্যোক্তাদের স্বস্তি আসবে পাশাপাশি দেশের ম্যাক্রো অর্থনীতিতে প্রাণ ফিরে আসবে। তিনি আরও বলেন, সত্যিকারের কমপ্লায়েন্স করদাতাদের ওপর করের বোঝা ও হয়রানি হ্রাসের লক্ষ্যে যারা কর ফাঁকি দিচ্ছেন, তাদের চিহ্নিত করে করের আওতায় নিয়ে আসার ক্ষেত্রে কোনো শৈথিল্য গ্রহণ করা হবে না। এনবিআর চেয়ারম্যান জানান, সরকার ভ্যাটের আওতা বাড়ানোর বিষয়ে এনবিআর বদ্ধ পরিকর, এ ব্যাপারে ব্যবসায়ীদের সহযোগিতা কামনা করেন।

তিনি বলেন, ভ্যাটের থ্রেসহোল্ড গত বছর ৩ কোটি টাকা থেকে ৫০ লাখে নামিয়ে আনা হয়েছে এবং বর্তমানে ভ্যাট নিবন্ধনকারী প্রতিষ্ঠানের সংখ্যা মাত্র ৮ লাখেরও কম, আমাদের অর্থনীতির সক্ষমতা বিচারে এ সংখ্যা কোটির বেশি হওয়া উচিত। এনবিআর চেয়ারম্যান আরও বলেন, করপোরেট করের হার ৫০ শতাংশ থেকে ক্রমান্বয়ে কমিয়ে বর্তমানে ২৭ দশমিক ৫ শতাংশ নামিয়ে আনা হয়েছে, এটিকে আরও হ্রাসের এলেই তেমন সুযোগ নেই, তবে ইফেক্টিভ করের হার যেন না বাড়ে তার ওপর বেশি মনোযোগী হওয়া জরুরি। আগামী বছর থেকে করপোরেট করের রিটার্ন অনলাইনে প্রদান প্রক্রিয়া চালু হবে পাশাপাশি কর ফেরত (রিফান্ড) প্রদানের ব্যবস্থা অনলাইনে নিশ্চিততের কার্যক্রমও শেষ পর্যায়ে রয়েছে।

দায়িত্বশীলদের দৈনিক
দেশ রূপান্তর

Dhaka Tribune
THURSDAY, 23 APRIL 2026



# Budget FY27: DCCI urges full automation in revenue structure

Tribune Report

The Dhaka Chamber of Commerce and Industry (DCCI) emphasized full automation in revenue structure, rationalization of tax rates and business-friendly policies in the upcoming national budget for FY27.

At the same time, the organization has proposed the introduction of technology-based systems to expand the tax net and increase revenue collection.

In the pre-budget discussion held at the National Board of Revenue (NBR) on Wednesday, the organization's acting secretary general AKM Asaduzzaman Patwary presented a summary of DCCI's 54 proposals to the FCMA by NBR Chairman Md. Abdur Rahman Khan.

The DCCI proposal recommends reducing the tax rate of unlisted companies from the current 27.5% to 25%, increasing the tax-free income limit of individuals to Tk5 lakh, and reducing advance tax on commercial imports from 7.5% to 5%.

In addition, emphasis was placed on ensuring complete automation in customs refund and VAT management.

At the beginning of the proposal, DCCI's Customs and VAT Standing Committee Convener MBM Lutful Hadi said that it is possible to reduce the costs of entrepreneurs by expanding the tax net, increasing revenue collection capacity, and creating a business-friendly environment.

দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB
বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬

# রাজস্ব বাড়াতে করপোরেট করহার কমানোর সুযোগ নেই : এনবিআর চেয়ারম্যান

**স্টাফ রিপোর্টার :** জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেছেন, করপোরেট করহার কমাতে কমাতে এমন একটা পর্যায়ে চলে এসেছে, যে এখান থেকে আর কমানো সম্ভব নয়।

তিনি বলেন, দেশের স্বার্থে আমাদের রাজস্ব বাড়াতে হবে। এখানে করপোরেট করহার কমানোর কোনো সুযোগ নেই। বরং আমাদের এখন এটি বাড়ানোর চিন্তা করতে হবে।

গতকাল বুধবার সকালে এনবিআর সম্মেলন কক্ষে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) ২০২৬-২৭ অর্থবছরের প্রাক-বাজেট প্রস্তাবনার প্রতিউত্তরে তিনি এসব কথা বলেন।

সভায় ঢাকা চেম্বারের পক্ষে ১৪টি প্রস্তাবনা পেশ করা হয়। এর মধ্যে অ-তালিকাভুক্ত কোম্পানির নিয়মিত কর্পোরেট করহার সাড়ে ২৭ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশ এবং তালিকাভুক্ত সিকিউরিটিজের ক্ষেত্রে উৎসে কর কর্তনের হার (টিডিএস) কমিয়ে পূর্বের ন্যায় ৫ শতাংশ নির্ধারণ করার প্রস্তাবে অধিক গুরুত্বারোপ করা হয়।

প্রস্তাবনার ওপর বক্তব্যে এনবিআর চেয়ারম্যান বলেন, ব্যক্তি বিনিয়োগকারীদের জন্য সিকিউরিটিজের সুদের ওপর উৎস কর কর্তনের হার (টিডিএস) ১০ শতাংশ এবং কোম্পানির ক্ষেত্রে ১৫ শতাংশ নির্ধারবত রয়েছে। কিন্তু অনেকে দেশে এটি ১০০ শতাংশ পর্যন্ত রয়েছে। ওইসব দেশে ট্যাক্স কালেকশনের সিংহভাগ টিডিএস থেকে আসে। আমাদের ভবিষ্যৎ রাজস্ব আহরণের লক্ষ্য বিবেচনায় এটি কমানোর সুযোগ নেই। বরং বাড়ানোর চিন্তা করতে হবে। উৎসে কর্তিত কর বেশি কাটা হলে হলে পরবর্তী বছরে সেটি সমন্বয় বা রিফান্ড করার সুযোগ থাকছে। এটি এক বছর সঞ্চয়ের মতো থেকে পরবর্তী সময়ে সমন্বয় অথবা রিফান্ড হয়ে যাচ্ছে। গতবছরেই এই সিদ্ধান্তটি কার্যকর হয়ে গেছে।

কালবেলা

বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬

# ই-করপোরেট কর রিটার্ন চালুর প্রস্তাব ঢাকা চেম্বারের

**কালবেলা প্রতিবেদক**

ই-করপোরেট কর রিটার্ন প্রবর্তন ও ভ্যাট আদায়ে জাতীয় মোবাইল অ্যাপ প্রবর্তনের প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। একই সঙ্গে ব্যক্তিশ্রেণির করমুক্ত আয়সীমা ৫ লাখ টাকা, সারচার্জ ধাপে ধাপে বাদ দেওয়া, আমানতের সুদে উৎসে কর হ্রাস,

অ-তালিকাভুক্ত কোম্পানির নিয়মিত করপোরেট করহার সাড়ে ২৭ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশ এবং তালিকাভুক্ত সিকিউরিটিজের ক্ষেত্রে উৎসে কর কর্তনের হার (টিডিএস) কমিয়ে আগের মতো ৫ শতাংশ নির্ধারণ করার প্রস্তাব দিয়েছে সংগঠনটি।

গতকাল বুধবার রাজধানীর আগারগাঁওয়ে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ভবনে ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেট প্রণয়নে প্রাক-বাজেট আলোচনায় সংগঠনটির পক্ষে এ প্রস্তাব দেওয়া হয়। সংগঠনটির পক্ষে প্রস্তাব তুলে ধরেন ডিসিসিআইর সেক্রেটারি জেনারেল (ভারপ্রাপ্ত) ড. একেএম আসাদুজ্জামান পাটোয়ারী। সংগঠনটির পক্ষে ব্যক্তিশ্রেণির করমুক্ত আয়সীমা ৫ লাখ টাকা, সারচার্জ ধাপে ধাপে বাদ দেওয়া, আমানতের সুদে উৎসে কর হ্রাস করার প্রস্তাব দেওয়া হয়।

ডিসিসিআই বলছে, ই-করপোরেট কর রিটার্ন ব্যবস্থা চালু করে করপোরেট প্রতিষ্ঠানগুলোকে সহজ, স্বচ্ছ ও নিরাপদভাবে অনলাইনে রিটার্ন দাখিলের সুযোগ দেওয়া হোক। এতে একটি সম্পূর্ণ সমন্বিত ডিজিটাল প্রক্রিয়া থাকবে, যা অন্যান্য করসেবার সঙ্গে সংযুক্ত হওয়ায় অতিরিক্ত কাগজপত্র জমা দেওয়ার প্রয়োজন হবে না। প্রস্তাবিত প্ল্যাটফর্মে আপিল ও কর ফেরত (রিফান্ড) প্রক্রিয়াও বিইএফটিএনের মাধ্যমে ব্যাংক হিসাব স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন হবে, ফলে সময় ও ব্যয় কমবে। অটোমেটেড কর রিটার্ন পদ্ধতি বাস্তবায়নের ফলে করপোরেট প্রতিষ্ঠানের জন্য সময় এবং খরচ কমবে। এ ছাড়া, নিয়মিতভাবে এটি যাচাইকরণের ফলে ভুলের সম্ভাবনা কমে যাবে এবং রাজস্ব বৃদ্ধি পাবে।

উৎসে কর নিয়ে ঢাকা চেম্বারের প্রস্তাবনায় বলা হয়, আয়কর আইনের ধারা ১০৬-এর অধীন শেয়ারবাজার নিয়ন্ত্রক সংস্থা বিএসইসি অনুমোদিত সিকিউরিটিজের সুদ থেকে উৎসে কর কর্তনের হার (টিডিএস) আগের মতো ৫ শতাংশ নির্ধারণ করা যেতে পারে।

নয়া দিগন্ত
বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬

# পুঁজিবাজারে অ-তালিকাভুক্ত কোম্পানির কর ২৫ শতাংশ করার প্রস্তাব ডিসিসিআইর

● বাসস

আগামী ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে পুঁজিবাজারের অ-তালিকাভুক্ত কোম্পানির করহার ২৭ দশমিক ৫ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশ নির্ধারণ, ব্যক্তি খাতে করমুক্ত আয়সীমা পাঁচ লাখ টাকা করা এবং বাণিজ্যিক আমদানিতে আগাম কর ৭ দশমিক ৫ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশে নামানোর প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) প্রাক-বাজেট আলোচনায় সংগঠনটি রাজস্ব কাঠামো ও শুল্ক ফেরত ব্যবস্থায় পূর্ণাঙ্গ স্বয়ংক্রিয় ব্যবস্থা চালুর ওপরও জোর দেয়।

গতকাল রাজধানীর আগারগাঁও রাজস্ব ভবনের সভাকক্ষে অনুষ্ঠিত আলোচনায় ডিসিসিআইয়ের ভারপ্রাপ্ত মহাসচিব এ কে এম আসাদুজ্জামান পাটোয়ারী ৫৪টি প্রস্তাবের সারসংক্ষেপ এনবিআর চেয়ারম্যান মো: আবদুর রহমান খানের কাছে তুলে ধরেন।

ডিসিসিআইয়ের কাস্টমস ও ভ্যাট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক এ বি এম লুৎফুল হাদি বলেন, করজাল সম্প্রসারণ, রাজস্ব আহরণ বাড়ানো, ব্যবসার ব্যয় কমানো এবং উৎপাদনশীল খাতে বিনিয়োগ উৎসাহিত করতেই এসব প্রস্তাব দেয়া হয়েছে।

প্রস্তাবনায় সরকারি সংস্থাগুলোর তথ্য সমন্বয়ের মাধ্যমে কেন্দ্রীয় সংযুক্তি ব্যবস্থা চালু, কোম্পানির আমানতের উৎসে কর ২০ শতাংশ থেকে ১০ শতাংশে নামানো, নিট সম্পদের ওপর অতিরিক্ত কর ধাপে ধাপে তুলে দেয়া, ভ্যাট ফেরতের সীমা বাতিল এবং মূসক ব্যবস্থায় স্বয়ংক্রিয়তা বাড়ানোর সুপারিশ করা হয়।

এনবিআর চেয়ারম্যান মো: আবদুর রহমান খান বলেন, আসন্ন বাজেটে শুল্কহার কমানোর চেয়ে অশুল্ক বাধা দূর করার ওপর গুরুত্ব দেয়া হবে। কর ফাঁকিদাতাদের চিহ্নিত করে করের আওতায় আনার পাশাপাশি ভ্যাটের পরিধি বাড়ানোর উদ্যোগও জোরদার করা হবে।

তিনি বলেন, বর্তমানে ভ্যাট নিবন্ধিত প্রতিষ্ঠানের সংখ্যা আট লাখের কম, যা অর্থনীতির আকার বিবেচনায় আরো বাড়ানো প্রয়োজন। আগামী বছর থেকে কোম্পানির আয়কর রিটার্ন অনলাইনে জমা এবং কর ফেরত অনলাইনে দেয়ার ব্যবস্থাও চালু হবে।

আজকের পত্রিকা
বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬

# করমুক্ত সীমা ৫ লাখ চায় ডিসিসিআই

**নিজস্ব প্রতিবেদক**, ঢাকা

ব্যক্তিশ্রেণির করদাতাদের করমুক্ত আয়ের সীমা বাড়িয়ে ৫ লাখ টাকা করার প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। বর্তমানে এ সীমা ৩ লাখ ৭৫ হাজার টাকা। অর্থাৎ ১ লাখ ২৫ হাজার টাকা বাড়ানোর সুপারিশ করা হয়েছে। উচ্চ মূল্যস্ফীতির চাপে সীমিত আয়ের মানুষকে স্বস্তি দিতেই এই প্রস্তাব দেওয়া হয়েছে।

গতকাল বুধবার রাজধানীতে জাতীয় রাজস্ব বোর্ডের প্রাক্‌-বাজেট আলোচনায় ডিসিসিআই এ প্রস্তাব তোলে। একই সঙ্গে তালিকাভুক্ত নয় এমন কোম্পানির করহার সাড়ে ২৭ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশ করা এবং বাণিজ্যিক আমদানিতে আগাম করহার সাড়ে ৭ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশে নামানোর সুপারিশ করা হয়।

ডিসিসিআইয়ের পক্ষে প্রস্তাব উপস্থাপন করেন সংগঠনটির ভারপ্রাপ্ত সেক্রেটারি জেনারেল ড. এ কে এম আসাদুজ্জামান পাটোয়ারী। সংগঠনটি মোট ৫৪টি প্রস্তাব দেয়, যার মধ্যে ১৬টি মূল সুপারিশ বিশেষভাবে তুলে ধরা হয়। এর মধ্যে রয়েছে অনলাইনে করপোরেট কর বিবরণী জমা দেওয়ার ব্যবস্থা চালু, ভ্যাট আদায়ে জাতীয় মোবাইল অ্যাপ চালু এবং তালিকাভুক্ত সিকিউরিটিজে উৎসে কর কর্তনের হার আবার ৫ শতাংশে নির্ধারণ।

### আয়কর সংস্কার

- কোম্পানির করহার ২৫% করার দাবি।
- আমদানিতে আগাম কর ৫% করার প্রস্তাব।
- ১৫ বছরের কর অবকাশ চায় সেমিকন্ডাক্টর খাত।
- তালিকাভুক্ত সিকিউরিটিজের উৎসে কর ৫ শতাংশে নির্ধারণ।

ঢাকা চেম্বারের কাস্টমস ও ভ্যাটবিষয়ক কমিটির আহ্বায়ক এ বি এম লুৎফুল হাদি বলেন, বর্তমান মূল্যস্ফীতির বাস্তবতায় করমুক্ত আয়ের সীমা পুনর্বিবেচনা জরুরি। তিনি আরও জানান, করজাল সম্প্রসারণ, রাজস্ব সক্ষমতা বৃদ্ধি এবং ব্যবসা সহায়ক পরিবেশ নিশ্চিত করাই এবারের প্রস্তাবনার মূল লক্ষ্য।

ডিসিসিআই বলেছে, অনলাইন করপোরেট রিটার্ন চালু হলে প্রতিষ্ঠানগুলো সহজ, স্বচ্ছ ও নিরাপদভাবে কর বিবরণী জমা দিতে পারবে। এতে অতিরিক্ত কাগজপত্র জমা দেওয়ার প্রয়োজন কমবে এবং অন্যান্য করসেবার সঙ্গে সমন্বিত একটি ডিজিটাল ব্যবস্থা তৈরি হবে। একই প্ল্যাটফর্মে আপিল ও কর ফেরত প্রক্রিয়াও ব্যাংক হিসাবে স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন করা সম্ভব হবে, ফলে সময় ও ব্যয় কমবে।

সংগঠনটি আরও প্রস্তাব করেছে, উৎসে কর্তিত কর চূড়ান্ত কর দায়ের চেয়ে বেশি হলে তা পরবর্তী করবর্ষে সমন্বয় বা নির্দিষ্ট সময়ের মধ্যে ফেরত নেওয়ার সুযোগ রাখা উচিত।

এ আলোচনায় উপস্থিত ছিলেন ডিসিসিআইয়ের ভারপ্রাপ্ত সভাপতি মো. সালিম সোলায়মানসহ সংগঠনের অন্য নেতারা। প্রস্তাবনার বিষয়ে একমত পোষণ করে এনবিআর চেয়ারম্যান আবদুর রহমান খান বলেন, আসন্ন বাজেটে শুল্কহার কমানোর চেয়ে শুল্কবহির্ভূত প্রতিবন্ধকতা দূর করার ওপর বেশি গুরুত্ব দেওয়া হবে, যাতে ব্যবসা পরিচালনার ব্যয় কমে এবং অর্থনীতিতে গতি ফেরে।

মো. সালিম সোলায়মান আরও বলেন, কর ফাঁকিদাতাদের শনাক্ত করে করের আওতায় আনা হবে এবং সৎ করদাতাদের হয়রানি কমানো হবে। একই সঙ্গে ভ্যাটের আওতা বাড়াতেও সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

অন্যদিকে সেমিকন্ডাক্টর খাতে বিদেশি বিনিয়োগ বাড়াতে ১৫ বছরের কর অবকাশ চেয়েছে সংশ্লিষ্ট উদ্যোক্তারা। এ খাতে প্রতিবছর প্রায় ২০ হাজার স্নাতক বের হলেও প্রয়োজনীয় নীতিগত সহায়তার অভাব রয়েছে বলে তাঁরা জানান।

প্রাক্‌-বাজেট আলোচনায় বিভিন্ন খাতের উদ্যোক্তারা আমদানি শুল্ক কমানো, অনলাইন ভ্যাট ব্যবস্থার জটিলতা দূর করা, উৎপাদন পর্যায়ে ভ্যাট সুবিধা বজায় রাখা এবং ক্ষুদ্র শিল্পকে সুরক্ষা দেওয়ার দাবি জানান।

প্রতিদিনের
বাংলাদেশ
বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬

# করমুক্ত আয়সীমা ৫ লাখ টাকা করার সুপারিশ

প্রাক-বাজেট আলোচনা

প্রবা প্রতিবেদক

> আগামী অর্থবছর থেকে করপোরেট কর রিটার্ন অনলাইনে দাখিল বাধ্যতামূলক করা হবে
>
> আবদুর রহমান খান
> চেয়ারম্যান, এনবিআর

> জ্বালানি সংকটের কারণে তৈরি পোশাকের বিদেশি ক্রেতারা মুখ ফিরিয়ে ভারতসহ অন্যান্য দেশে চলে যাচ্ছে
>
> আনোয়ার-উল আলম চৌধুরী
> সভাপতি, বিসিআই

করদাতাদের বার্ষিক করমুক্ত আয়সীমা পাঁচ লাখ টাকা করার সুপারিশ করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। মূল্যস্ফীতির চাপের মধ্যে থাকা করসীমার মধ্যে থাকা সীমিত আয়ের করদাতাদের কিছুটা স্বস্তি দিতে এ প্রস্তাব দেওয়া হয়েছে। বর্তমানে ব্যক্তি করদাতাদের করমুক্ত আয়সীমা ৩ লাখ ৭৫ হাজার টাকা।

গতকাল বুধবার জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) সম্মেলন কক্ষে আয়োজিত প্রাক-বাজেট আলোচনায় এই সুপারিশ করা হয়। এটিসহ মোট ৫৪টি প্রস্তাবনার সারসংক্ষেপ এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খানের কাছে দেন ডিসিসিআইয়ের মহাসচিব (ভারপ্রাপ্ত) ড. একেএম আসাদুজ্জামান পাটোয়ারী।

প্রস্তাবনা উপস্থাপনের শুরুতেই ঢাকা চেম্বারের কাস্টমস ভ্যাট স্ট্যান্ডিং কমিটির আহ্বায়ক এমবিএম লুৎফুল হাদি বলেন, করজাল সম্প্রসারণ ও রাজস্ব আদায়ের সক্ষমতা বৃদ্ধি, ব্যবসা সহায়ক পরিবেশ ও করের বোঝা হ্রাস, কর্মসংস্থান বৃদ্ধি ও উৎপাদনশীল খাতে বিনিয়োগে নীতি সহায়তা প্রদানের বিষয়গুলোকে এ বছর ডিসিসিআই জোর দিয়েছে, যার মাধ্যমে উদ্যোক্তাদের ব্যবসা পরিচালনার ব্যয় হ্রাসের পাশাপাশি সরকারের রাজস্ব আহরণের হার বৃদ্ধি পাবে এবং দেশের সামগ্রিক অর্থনীতিতে ইতিবাচক প্রভাব আসবে বলে মনে করছে সংগঠনটি।

এ সময় ডিসিসিআইয়ের ভারপ্রাপ্ত সভাপতি মো. সালিম সোলায়মান, পরিচালক এম মোসাররফ হোসেন, ইঞ্জিনিয়ার মোস্তফা কামাল এবং রাশীদ মাইমুনুর ইসলাম এ সময় উপস্থিত ছিলেন।

বৈঠকে ডিসিসিআইয়ের ভারপ্রাপ্ত মহাসচিব ড. একেএম আসাদুজ্জামান পাটোয়ারী করজাল সম্প্রসারণ ও রাজস্ব ঘাটতি কমাতে সরকারি সব সেবা প্রদানকারী সংস্থাগুলোর ডেটা সমন্বয়ের মাধ্যমে সেন্ট্রাল এপিআই ইন্টিগ্রেশন ব্যবস্থার প্রবর্তন, কোম্পানির আমানতের উৎসে সুদ হার ২০ শতাংশ থেকে কমিয়ে ১০ শতাংশ করা, কোম্পানির নিট সম্পদের ওপর আরোপিত সারচার্জ ধাপে ধাপে বিলোপকরণের ওপর জোরারোপ করেন। সেই সঙ্গে ব্যবসায়িক কার্যক্রমে গতি আনয়নের পাশাপাশি দীর্ঘমেয়াদে পরোক্ষ রাজস্ব আয় বাড়াতে ভ্যাট রিফান্ডের উর্ধ্বসীমা বাতিল ও ভ্যাট সংগ্রহ বৃদ্ধিতে মোবাইল অ্যাপ প্রবর্তনসহ সামগ্রিক মূসক কার্যক্রমে অটোমেশনের প্রস্তাব করেন ডিসিসিআইয়ের ভারপ্রাপ্ত মহাসচিব।

ডিসিসিআইয়ের প্রস্তাবনার সঙ্গে আংশিক একমত পোষণ করে এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, আসন্ন বাজেটে শুল্ক হার কমানোর চেয়ে নন-ট্যারিফ বাধা দূর করার ওপর বেশি গুরুত্ব দেওয়া হবে। এতে ব্যবসা পরিচালনার ব্যয় কমবে এবং অর্থনীতিতে ইতিবাচক গতি আসবে।

তিনি জানান, কর ফাঁকিবাজদের চিহ্নিত করে করের আওতায় আনার ক্ষেত্রে কঠোর অবস্থানে থাকবে এনবিআর। একই সঙ্গে প্রকৃত করদাতাদের ওপর করের চাপ ও হয়রানি কমানোর উদ্যোগ নেওয়া হবে।

এনবিআর চেয়ারম্যান আরও বলেন, ভ্যাটের আওতা বাড়াতে সংস্থাটি বদ্ধপরিকর। বর্তমানে দেশে ভ্যাট নিবন্ধিত প্রতিষ্ঠানের সংখ্যা ৮ লাখের কম হলেও অর্থনীতির আকার বিবেচনায় এটি কোটির বেশি হওয়া উচিত। তিনি উল্লেখ করেন, করপোরেট করহার ধাপে ধাপে কমিয়ে বর্তমানে ২৭ দশমিক ৫ শতাংশে নামানো হয়েছে; এটি আরও কমানোর সুযোগ সীমিত, তবে কার্যকর করহার যেন না বাড়ে সে বিষয়ে নজর দেওয়া হবে।

তিনি আরও জানান, আগামী অর্থবছর থেকে করপোরেট কর রিটার্ন অনলাইনে দাখিল বাধ্যতামূলক করা হবে এবং ভ্যাট ও কর রিফান্ড ব্যবস্থাও পুরোপুরি অনলাইনে আনার কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে।

মধ্যপ্রাচ্যে যুদ্ধের প্রভাবে দেশে জ্বালানি সংকটের কারণে তৈরি পোশাকের বিদেশি ক্রেতারা মুখ ফিরিয়ে ভারতসহ অন্যান্য দেশে চলে যাচ্ছে বলে জানিয়েছেন বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রিজের (বিসিআই) সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী পারভেজ।

আগামী জুলাই-আগস্টের কার্যাদেশ এখনই হারানোর তথ্য তুলে ধরে তিনি বলেন, 'বেশকিছু বড় বড় বায়িং হাউস, ওরা এই মেসেজগুলো (কার্যাদেশ অন্যত্র চলে যাওয়ার) আমাদের দেওয়া শুরু করছে। এবং আমরা কিন্তু এখন দেখছি যে জুলাই-আগস্টের অর্ডারগুলো থেমে গেছে। যেগুলো আসার কথা ছিল খুব স্লো হয়ে গেছে। খুব কষ্ট করে ডিসকাসন করা হচ্ছে (কার্যাদেশ পাওয়ার)।'

প্রকাশনার ৭৫ বছর
সংবাদ
বাংলাদেশের মুখপত্র
বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬



# করমুক্ত আয়সীমা ৫ লাখ টাকা করার সুপারিশ ঢাকা চেম্বারের

অর্থনৈতিক বার্তা পরিবেশক

করদাতাদের বার্ষিক করমুক্ত আয়সীমা পাঁচ লাখ টাকা করার সুপারিশ করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। মূল্যস্ফীতির চাপের মধ্যে থাকা করসীমার মধ্যে থাকা সীমিত আয়ের করদাতাদের কিছুটা স্বস্তি দিতে এ প্রস্তাব দেওয়া হয়েছে। বর্তমানে ব্যক্তি করদাতাদের করমুক্ত আয়সীমা ৩ লাখ ৭৫ হাজার টাকা।

গতকাল জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) প্রাক্?-বাজেট আলোচনায় এমন প্রস্তাব দেন ডিসিসিআই নেতারা। এ সময় ঢাকা ও সিলেট জেলার বিভিন্ন চেম্বার তাদের প্রস্তাব তুলে ধরে। তাদের বিভিন্ন প্রস্তাব বিবেচনার আশ্বাস দেন এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান।

ডিসিসিআইয়ের পক্ষ থেকে প্রস্তাব তুলে ধরেন এ বি এম লুৎফুল হাদি। তিনি নন-লিস্টেড কোম্পানির জন্য করহার ২৫ শতাংশ করার দাবি জানান। বাণিজ্যিক আমদানিতে আগাম করহার সাড়ে ৭ শতাংশের বদলে ৫ শতাংশ করার প্রস্তাব দেওয়া হয়।

ডিসিসিআইয়ের পক্ষ থেকে প্রস্তাব তুলে ধরেন এ বি এম লুৎফুল হাদি। তিনি নন-লিস্টেড কোম্পানির জন্য করহার ২৫ শতাংশ করার দাবি জানান। বাণিজ্যিক আমদানিতে আগাম করহার সাড়ে ৭ শতাংশের বদলে ৫ শতাংশ করার প্রস্তাব দেওয়া হয়।

অনুষ্ঠানে ডিসিসিআই'র ভারপ্রাপ্ত মহাসচিব ড. একেএম আসাদুজ্জামান পাটোয়ারী করজাল সম্প্রসারণ ও রাজস্ব ঘাটতি কমাতে সরকারী সকল সেবা প্রদানকারী সংস্থাগুলোর ডেটা সমন্বয়ের মাধ্যমে 'সেন্ট্রাল এপিআই ইন্টিগ্রেশন' ব্যবস্থার প্রবর্তন, কোম্পানীর আমানতের উৎসে সুদ হার ২০ শতাংশ হতে কমিয়ে ১০ শতাংশ করা, কোম্পানীর নিট সম্পদের উপর আরোপিত সারচার্জ ধাপে ধাপে বিলোপকরনের উপর জোরারোপ করেন। সেই সাথে ব্যবসায়িক কার্যক্রমে গতি আনায়নের পাশাপাশি দীর্ঘমেয়াদে পরোক্ষ রাজস্ব আয় বাড়াতে ভ্যাট রিফান্ডের উর্ধ্বসীমা বাতিল ও ভ্যাট সংগ্রহ বৃদ্ধিতে মোবাইল অ্যাপ প্রবর্তন সহ সামগ্রিক মূসক কার্যক্রমে অটোমেশনের প্রস্তাব করেন ডিসিসিআই'র ভারপ্রাপ্ত মহাসচিব।

ঢাকা চেম্বারের প্রস্তাবনার সাথে একমত পোষন করে এনবিআর চেয়ারম্যান মোঃ আবদুর রহমান খান বলেন, 'এ বছরের বাজেটে জাতীয় রাজস্ব বোর্ড, শুল্কের হার হ্রাসের চেয়ে নন-ট্যারিফ প্রতিবন্ধকতা নিরসনের উপর বেশি গুরুত্ব দিবে, যার মাধ্যমে ব্যবসা পরিচালনার ব্যয় কমবে, উদ্যোক্তাদের স্বস্তি আসবে পাশাপাশি দেশের ম্যাক্রো অর্থনীতিতে প্রাণ ফিরে আসবে।

তিনি আরো বলেন, সত্যিকারের কমপ্লায়েন্স করদাতাদের উপর করের বোঝা ও হয়রানি হ্রাসের লক্ষ্যে যারা কর ফাঁকি দিচ্ছেন, তাদের চিহ্নিত করে করের আওতায় নিয়ে আসার ক্ষেত্রে কোন শৈথিল্য গ্রহণ করা হবে না। এনবিআর চেয়ারম্যান জানান, সরকার ভ্যাটের আওতা বাড়ানোর বিষয়ে এনবিআর বদ্ধ পরিকর, এ ব্যাপরে ব্যবসায়ীদের সহযোগিতা কামনা করেন।'

তিনি উল্লেখ করেন, ভ্যাটের থ্রেসহোল্ড গতবছর ৩ কোটি টাকা হতে ৫০ লাখে নামিয়ে আনা হয়েছে এবং বর্তমানে ভ্যাট নিবন্ধনকারী প্রতিষ্ঠানের সংখ্যা মাত্র ৮ লাখেরও কম, আমাদের অর্থনীতির সক্ষমতা বিচারে এ সংখ্যা কোটির বেশি হওয়া উচিত।

কর্পোরেট করের হার ৫০ শতাংশ হতে ক্রমান্বয়ে কমিয়ে বর্তমানে ২৭.৫ শতাংশ নামিয়ে আনা হয়েছে, এটিকে আরো হ্রাসের আসলেই তেমন সুযোগ নেই, তবে ইফেকটিভ করের হার যেন না বাড়ে তার উপর বেশি মনোযোগী হওয়া জরুরী। আগামী বছর হতে কর্পোরেট করের রিটার্ন অনলাইনে প্রদান প্রক্রিয়া চালু হবে পাশাপাশি কর ফেরত (রিফান্ড) প্রদানের ব্যবস্থা অনালইনে নিশ্চিতের কার্যক্রমও শেষ পর্যায়ে রয়েছে।

শেয়ার বিজ
The Daily Share Biz
সৃজনের পথে উন্নত স্বদেশ
বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬

# রাজস্ব বাড়াতে করপোরেট কর কমানোর সুযোগ নেই

## —এনবিআর চেয়ারম্যান

**নিজস্ব প্রতিবেদক**

জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেছেন, করপোরেট করহার কমাতে কমাতে এমন একটা পর্যায়ে চলে এসেছে, এখান থেকে আর কমানো সম্ভব নয়। তিনি বলেন, দেশের স্বার্থে আমাদের রাজস্ব বাড়াতে হবে। এখানে করপোরেট করহার কমানোর কোনো সুযোগ নেই। বরং আমাদের এখন এটি বাড়ানোর চিন্তা করতে হবে।

গতকাল বুধবার সকালে এনবিআর সম্মেলন কক্ষে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) ২০২৬-২৭ অর্থবছরের প্রাক-বাজেট প্রস্তাবনার প্রতিউত্তরে তিনি এসব কথা বলেন।

দেশের স্বার্থে আমাদের রাজস্ব বাড়াতে হবে। এখানে করপোরেট করহার কমানোর কোনো সুযোগ নেই। বরং আমাদের এখন এটি বাড়ানোর চিন্তা করতে হবে।

সভায় ঢাকা চেম্বারের পক্ষ থেকে ১৪টি প্রস্তাবনা পেশ করা হয়। এর মধ্যে অ-তালিকাভুক্ত কোম্পানির নিয়মিত করপোরেট করহার সাড়ে ২৭ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশ এবং তালিকাভুক্ত সিকিউরিটিজের ক্ষেত্রে উৎসে কর কর্তনের হার (টিডিএস) কমিয়ে পূর্বের ন্যায় ৫ শতাংশ নির্ধারণ করার প্রস্তাবে অধিক গুরুত্বারোপ করা হয়।

প্রস্তাবনার ওপর বক্তব্যে এনবিআর চেয়ারম্যান বলেন, ব্যক্তি বিনিয়োগকারীদের জন্য সিকিউরিটিজের সুদের ওপর উৎসে কর কর্তনের হার (টিডিএস) ১০ শতাংশ এবং কোম্পানির ক্ষেত্রে ১৫ শতাংশ নির্ধারিত রয়েছে। কিন্তু অনেক দেশে এটি ১০০ শতাংশ পর্যন্ত রয়েছে। ওইসব দেশে ট্যাক্স কালেকশনের সিংহভাগ টিডিএস থেকে আসে। আমাদের ভবিষ্যৎ রাজস্ব আহরণের লক্ষ্য বিবেচনায় এটি কমানোর সুযোগ নেই। বরং বাড়ানোর চিন্তা করতে হবে।

তিনি আরও বলেন, উৎসে কর্তিত কর বেশি কাটা হলে পরবর্তী বছরে সেটি সমন্বয় বা রিফান্ড করার সুযোগ থাকছে। এটি এক বছর সঞ্চয়ের মতো থেকে পরবর্তী সময়ে সমন্বয় অথবা রিফান্ড হয়ে যাচ্ছে। গত বছরেই এ সিদ্ধান্তটি কার্যকর হয়ে গেছে।

শেয়ার বিজ

নতুন ধারার দৈনিক
আমাদের সময়
বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬

## এনবিআরের প্রাক-বাজেট আলোচনা

# করমুক্ত আয়সীমা ৫ লাখ টাকা করার সুপারিশ

**নিজস্ব প্রতিবেদক ●**

বার্ষিক করমুক্ত আয়সীমা পাঁচ লাখ টাকা করার সুপারিশ করেছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। সীমিত আয়ের করদাতাদের স্বস্তি দিতে এমন প্রস্তাব তুলে ধরা হয়েছে। বর্তমানে ব্যক্তি করদাতাদের করমুক্ত আয়সীমা ৩ লাখ ৭৫ হাজার টাকা।

গতকাল বুধবার জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) প্রাক-বাজেট আলোচনায় এমন প্রস্তাব দেন ডিসিসিআই নেতারা। এ সময় ঢাকা ও সিলেট জেলার বিভিন্ন চেম্বার তাদের প্রস্তাব তুলে ধরে। তাদের বিভিন্ন প্রস্তাব বিবেচনার আশ্বাস দেন এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান।

ডিসিসিআইয়ের পক্ষ থেকে প্রস্তাব তুলে ধরেন এবিএম লুৎফুল হাদি। তিনি নন-লিস্টেড কোম্পানির জন্য করহার ২৫ শতাংশ করার দাবি জানান। বাণিজ্যিক আমদানিতে আগাম করহার সাড়ে ৭ শতাংশের বদলে ৫ শতাংশ করার প্রস্তাব দেওয়া হয়।

বাংলাদেশ চেম্বার অব ইন্ডাস্ট্রির (বিসিআই) প্রস্তাব তুলে ধরেন চেম্বার সভাপতি আনোয়ার-উল আলম চৌধুরী পারভেজ। তিনি বলেন, শিল্প খাতের প্রবৃদ্ধি কমছে। তাই শুধু পোশাক খাতের ওপর নির্ভর করে কর্মসংস্থান বাড়ানো যাবে না। অন্য খাতে গুরুত্ব দিতে হবে। তিনি আরও বলেন, বড় কোম্পানির প্লাস্টিকের কাঁচামাল আমদানিতে ১ শতাংশ শুল্ক দিতে হয়; কিন্তু ক্ষুদ্র ব্যবসায়ীদের অগ্রিম কর, আগাম আয়কর, মূসকসহ ৩০ শতাংশ শুল্ক দিতে হয়। বিষয়টি বিবেচনা করা দরকার। ক্ষুদ্র ও মাঝারি প্রতিষ্ঠানের জন্য করের আলাদা স্তর করে দেওয়ার প্রস্তাবও দেন তিনি।

সভায় সিলেট ও নারায়ণগঞ্জ চেম্বার থেকেও বিভিন্ন প্রস্তাব দেওয়া হয়।

**১৫ বছর কর অবকাশ চায় সেমিকন্ডাক্টর খাত**

সেমিকন্ডাক্টর খাত থেকে ইলেকট্রনিক যন্ত্রাংশ বা চিপ ও প্রসেসর ডিজাইন উৎপাদন হয়ে থাকে। বিশ্বে বর্তমানে এ খাতের প্রায় ৮০০ বিলিয়ন বা ৮০ হাজার কোটি মার্কিন ডলারের বাজার রয়েছে। তবে বাংলাদেশ এখনও অনেক পিছিয়ে আছে। তাই বিদেশি বিনিয়োগ আকর্ষণে খাতটিতে ১৫ বছরের জন্য কর-অবকাশসুবিধা দাবি করেছেন খাতসংশ্লিষ্টরা। জবাবে কর-অবকাশসুবিধা প্রাপ্তির চিন্তা থেকে ব্যবসায়ীদের বেরিয়ে আসার পরামর্শ দিয়েছে এনবিআর।

আলোচনায় বিএসআইয়ের সভাপতি মো. আবদুল জব্বার বলেন, '৪০টি বিশ্ববিদ্যালয় আমাদের সঙ্গে কাজ করছে। দেশে প্রতিবছর পড়াশোনা শেষ করে এ খাতের উপযোগী ২০ হাজার স্নাতক বের হচ্ছেন। তাই খাতটিতে বিদেশি বিনিয়োগ আনতে কর-অবকাশ দেওয়া প্রয়োজন।'

জবাবে এনবিআর চেয়ারম্যান মো. আবদুর রহমান খান বলেন, আমাদের ব্যবসায়ীদের কর-অবকাশের চিন্তা থেকে বেরিয়ে আসতে হবে। ব্যবসা করবেন, কর দেবেন। বেশি হোক, কম হোক- কর দিতে হবে।

অনলাইনে ভ্যাট দিতে সমস্যার কথা জানায় বাংলাদেশ ইলেকট্রিক্যাল অ্যাসোসিয়েশন। সংগঠনটির আহ্বায়ক মহসিন ভূঁইয়া বলেন, 'বাধ্যতামূলক করা হলেও আমরা আগের পদ্ধতিতে ভ্যাট রিটার্ন দিচ্ছি। কারণ, সিস্টেম আপডেট করা হচ্ছে না।' বিষয়টির দ্রুত সমাধানে কর্মকর্তাদের তাগিদ দেন এনবিআর চেয়ারম্যান। বাংলাদেশ ইলেকট্রিক্যাল মার্চেন্ডাইজ ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের পরিচালক আবদুল ওয়াজেদ কাঁচামালের আমদানি শুল্ক ১৫ থেকে কমিয়ে ৫ শতাংশ করার প্রস্তাব দেন। নয়তো উৎপাদন খরচ বাড়বে বলে জানান।

বড় করপোরেট প্রতিষ্ঠানগুলোর চাপে ছোটরা ছাতু হয়ে যাচ্ছে বলে জানান বাংলাদেশ ব্রেড, বিস্কুট ও কনফেকশনারি প্রস্তুতকারক সমিতির সভাপতি মো. জালাল উদ্দিন।

তিনি বলেন, 'বড়দের সবকিছু দিয়ে দিলে আমরা কোথায় যাব? ছোটদের বাঁচান। এসব প্রতিষ্ঠানের আশ্রয় হতে পারে এনবিআর।' এ সময় মো. জালাল উদ্দিন উৎপাদন পর্যায়ে ভ্যাটসুবিধা অব্যাহত রাখার দাবি জানান। পাশাপাশি লিখিত প্রস্তাবে ২০০ টাকার বদলে ৩০০ টাকা পর্যন্ত প্রতি কেজি বিস্কুটে ভ্যাট ছাড় দেওয়ার দাবি জানানো হয়।

অনগ্রসর মানুষের ব্যবহার্য পণ্য তৈরির কারখানাগুলোর প্রতি নজর দেওয়ার আহ্বান জানায় বাংলাদেশ অ্যালুমিনিয়াম ম্যানুফ্যাকচারিং অ্যাসোসিয়েশন। সংগঠনটির সভাপতি ওবায়দুর রহমান উৎপাদন পর্যায়ে সাড়ে ৭ শতাংশ ভ্যাট প্রত্যাহারের দাবি জানান তিনি। যদিও এমন দাবি না করার কথা জানান এনবিআর চেয়ারম্যান।

বাংলাদেশ ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন অব ট্রান্সফরমার অ্যান্ড সুইচগিয়ারসের সহসভাপতি মো. জাহাঙ্গীর আল জিলানী উৎপাদনকারীদের ওপর শুল্ক হ্রাসের দাবি জানান এবং বাণিজ্যিক ব্যবহারের ট্রান্সফরমার আমদানিতে ৬১ শতাংশ শুল্কারোপের প্রস্তাব দেন। সেচ পাম্পে আলাদা এইচএস কোড দিয়ে সুবিধা দেওয়ার দাবি জানান বাংলাদেশ ইলেকট্রিক্যাল মোটরপাম্প ইম্পোর্টার্স অ্যাসোসিয়েশনের পরামর্শক আশরাফ হক। জবাবে এনবিআর চেয়ারম্যান বলেন, 'কোন পাম্প কৃষিতে আর কোনটি বাসায় ব্যবহৃত হবে, বুঝব কীভাবে?'

বাংলাদেশ টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি সমিতির সভাপতি মোস্তফা আল মাহমুদ বলেন, সোলার প্যানেল আমদানিতে এক ডলারের পণ্য তিন ডলারে মূল্যায়ন করে শুল্ক আদায় করা হয়। এটি বন্ধ করার আহ্বান জানান তিনি। বিষয়টি সুরাহা করার আশ্বাস দেন এনবিআর চেয়ারম্যান। এ ছাড়া অ্যাকুমুলেটর ব্যাটারি ম্যানুফ্যাকচারার্স অ্যান্ড এক্সপোর্টার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ লিথিয়াম গাইডলাইন তৈরির আহ্বান জানায়।

আজকের পত্রিকা
বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬



মো. আবদুর রহমান খান

# করপোরেট করহার কমানোর সুযোগ নেই

**নিজস্ব প্রতিবেদক**, ঢাকা

করপোরেট করহার আর কমানোর সুযোগ নেই বলে জানিয়েছেন জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) চেয়ারম্যান মো. আবদুর রহমান খান। তিনি বলেন, বিদ্যমান করহার ইতিমধ্যে এমন স্তরে নেমে এসেছে, যেখান থেকে আর কমানো সম্ভব নয়; বরং দেশের রাজস্ব আহরণ বাড়াতে ভবিষ্যতে করহার বাড়ানোর বিষয়টি বিবেচনায় নিতে হতে পারে।

গতকাল বুধবার সকালে এনবিআর সম্মেলন কক্ষে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) ২০২৬-২৭ অর্থবছরের প্রাক্-বাজেট প্রস্তাবনার ওপর প্রতিক্রিয়া জানাতে গিয়ে তিনি এ মন্তব্য করেন।

সভায় ঢাকা চেম্বারের পক্ষ থেকে ১৪টি প্রস্তাবনা পেশ করা হয়। এর মধ্যে অ-তালিকাভুক্ত কোম্পানির নিয়মিত করপোরেট করহার সাড়ে ২৭ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশ এবং তালিকাভুক্ত সিকিউরিটিজের ক্ষেত্রে উৎসে কর কর্তনের হার (টিডিএস) কমিয়ে পূর্বের মতো ৫ শতাংশ নির্ধারণ করার প্রস্তাবে অধিক গুরুত্বারোপ করা হয়।

প্রস্তাবনার ওপর বক্তব্যে এনবিআর চেয়ারম্যান বলেন, ব্যক্তি বিনিয়োগকারীদের জন্য সিকিউরিটিজের সুদের ওপর উৎসে কর কর্তনের হার (টিডিএস) ১০ শতাংশ এবং কোম্পানির ক্ষেত্রে ১৫ শতাংশ নির্ধারিত রয়েছে। কিন্তু অনেক দেশে এটি ১০০ শতাংশ পর্যন্ত রয়েছে। ওইসব দেশে ট্যাক্স কালেকশনের সিংহভাগ টিডিএস থেকে আসে। আমাদের ভবিষ্যৎ রাজস্ব আহরণের লক্ষ্য বিবেচনায় এটি কমানোর সুযোগ নেই। বরং বাড়ানোর চিন্তা করতে হবে।

তিনি আরও বলেন, উৎসে কর্তিত কর বেশি কাটা হলে পরবর্তী বছরে সেটি সমন্বয় বা রিফান্ড করার সুযোগ থাকছে। এটি এক বছর সঞ্চয়ের মতো থেকে পরবর্তী সময়ে সমন্বয় অথবা রিফান্ড হয়ে যাচ্ছে। গত বছরেই এই সিদ্ধান্তটি কার্যকর হয়ে গেছে।

The Daily Shomoyer Alo
সময়ের আলো
সত্য প্রকাশে আপোসহীন
বৃহস্পতিবার, ২৩ এপ্রিল ২০২৬

# ই-করপোরেট কর রিটার্ন চালুর প্রস্তাব ঢাকা চেম্বারের

● নিজস্ব প্রতিবেদক

ভ্যাট আদায়ে জাতীয় মোবাইল অ্যাপ প্রবর্তন ও ই-করপোরেট কর রিটার্ন প্রবর্তনের প্রস্তাব দিয়েছে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। একই সঙ্গে ব্যক্তিশ্রেণির করমুক্ত আয়সীমা ৫ লাখ টাকা, সারচার্জ ধাপে ধাপে বাদ দেওয়া, আমানতের সুদে উৎসে কর হ্রাস, অ-তালিকাভুক্ত কোম্পানির নিয়মিত করপোরেট করহার সাড়ে ২৭ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশ এবং তালিকাভুক্ত সিকিউরিটিজের ক্ষেত্রে উৎসে কর কর্তনের হার (টিডিএস) কমিয়ে আগের মতো ৫ শতাংশ নির্ধারণ করার প্রস্তাব দিয়েছে সংগঠনটি।

বুধবার সকালে রাজধানীর আগারগাঁওয়ে জাতীয় রাজস্ব বোর্ড (এনবিআর) ভবনে ২০২৬-২৭ অর্থবছরের জাতীয় বাজেট প্রণয়নে প্রাক-বাজেট আলোচনায় সংগঠনটির পক্ষে এ প্রস্তাব দেওয়া হয়। সংগঠনটির পক্ষে প্রস্তাব তুলে ধরেন ডিসিসিআইয়ের সেক্রেটারি জেনারেল (ভারপ্রাপ্ত) ড. একেএম আসাদুজ্জামান পাটোয়ারী। ডিসিসিআই বলছে, ই-করপোরেট কর রিটার্ন ব্যবস্থা চালু করে করপোরেট প্রতিষ্ঠানগুলোকে সহজ, স্বচ্ছ ও নিরাপদভাবে অনলাইনে রিটার্ন দাখিলের সুযোগ দেওয়া হোক। এতে একটি সম্পূর্ণ সমন্বিত ডিজিটাল প্রক্রিয়া থাকবে, যা অন্যান্য করসেবার সঙ্গে সংযুক্ত হওয়ায় অতিরিক্ত কাগজপত্র জমা দেওয়ার প্রয়োজন হবে না। প্রস্তাবিত প্ল্যাটফর্মে আপিল ও কর ফেরত (রিফান্ড) প্রক্রিয়াও বিইএফটিএনের মাধ্যমে ব্যাংক হিসাব স্বয়ংক্রিয়ভাবে সম্পন্ন হবে, ফলে সময় ও ব্যয় কমবে।

অটোমেটেড কর রিটার্ন পদ্ধতি বাস্তবায়নের ফলে করপোরেট প্রতিষ্ঠানের জন্য সময় এবং খরচ কমবে। এ ছাড়া নিয়মিতভাবে এটি যাচাইকরণের ফলে ভুলের সম্ভাবনা কমে যাবে এবং রাজস্ব বৃদ্ধি পাবে। ডিসিসিআইয়ের প্রাক-বাজেট প্রস্তাবনায় বলা হয়, অ-তালিকাভুক্ত কোম্পানির নিয়মিত করপোরেট করহার সাড়ে ২৭ শতাংশ থেকে কমিয়ে ২৫ শতাংশ নির্ধারণ করা যেতে পারে। বিশেষ করে যারা ব্যাংকিং মাধ্যমে লেনদেন ও অন্যান্য কমপ্লায়েন্স পরিপালন করে তাদের জন্য এই হার কমিয়ে আনা উচিত। এ ক্ষেত্রে ব্যয়ের শর্তটি শিথিল রেখে শুধু আয়ের শর্তটি পরিপালন করা উচিত। তবে অবশ্যই কোম্পানির সব ধরনের রাজস্ব বা প্রাপ্তি ব্যাংক ট্রান্সফার বা ডিজিটাল পেমেন্টের মাধ্যমে গ্রহণের শর্ত আরোপ পরিপালন করতে হবে।

সময়ের আলো